
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩৪৪ ● কলকাতা ● ০৬ পৌষ, ১৪৩১ ● রবিবার ● ২২ ডিসেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা



বিশেষ দিনে দর্শনার সরল স্বীকারোক্তি পৃঃ ৫



৪ বছর পর টেস্টে ফিরছেন রশিদ খান পৃঃ ৬

# মোদী রওনা দিলেন কুয়েতের উদ্দেশ্যে



**দিল্লী**

মধ্য প্রাচ্যের ছোট্ট দেশ কুয়েত। প্রধানত তেল ব্যবসার উপরেই তাদের অর্থনীতি নির্ভর করে। ইন্দিরা গান্ধীর পরে মোদী শনিবার রওনা দিলেন সেই কুয়েতের উদ্দেশ্যে। মধ্যে ৪৩ বছর ভারতের কোনো প্রধানমন্ত্রী কুয়েত সফর করেন নি। তাঁর এই সফরকে নতুন অধ্যায়ের সূচনা বলে জানিয়েছে বিদেশমন্ত্রক। এর মাধ্যমে মধ্যপ্রাচ্যের দেশটির সঙ্গে ভারতের দ্বিপাক্ষিক সম্পর্ক অন্য মাত্রা পাবে বলেও আশাবাদী নয়াদিল্লি। কুয়েতে প্রবাসী ভারতীয়দের অনুষ্ঠানে যোগ দেওয়া থেকে ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন-সহ একগুচ্ছ কর্মসূচি রয়েছে মোদির। আজ শনিবার সকালে কুয়েতের উদ্দেশে রওনা দিয়েছেন মোদি। তাঁর এই সফর দুদিনে। আছে একাধিক অনুষ্ঠান। কুয়েতে আছেন এমন ভারতীয়দের সঙ্গে এক আলোচনায় মিলিত হবার সম্ভাবনা আছে বলে জানা যাচ্ছে।বিদেশমন্ত্রকের সেক্রেটারি অরুণকুমার চ্যাটার্জি জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কুয়েত সফর ঐতিহাসিক। এর মাধ্যমে দুদেশের মধ্যে নতুন অধ্যায়ের সূচনা হবে। বিভিন্ন ক্ষেত্রে অংশীদারিত্ব গতি পাবে। ব্যবসা-বাণিজ্য, প্রতিরক্ষা, শিল্প, কর্মসংস্থান নিয়ে প্রধানমন্ত্রী আলোচনা করবেন। ফলে ভবিষ্যতে ভারত-কুয়েতের বন্ধন আরও মজবুত হবে।জানা গিয়েছে, আজ থেকেই মোদির ঠাসা কর্মসূচির সূচনা হবে। কুয়েতের আমিরশেখ মেশাল আল-আহমাদ আল-জাবের-আল-সাবাহের সঙ্গে দেখা করবেন নমো। বৈঠকে বসবেন কুয়েতের যুবরাজ ও প্রধানমন্ত্রীর সঙ্গে। এই ঐতিহাসিক সফর নিয়ে খুবই উচ্ছ্বসিত মোদি।

# বড়োদিনে এক মাস ধরে মহিলা তৃণমূলের বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হবে ঘোষণা মমতার




**কলকাতা**

ইতিমধ্যে মমতা বন্দ্যোপাধ্যায় উদ্বোধন করেছেন খ্রিসমাস উৎসবের। আর তার পরেই একগুচ্ছ রাজনৈতিক প্রকল্প নিয়ে ময়দানে নামছে তৃণমূল মহিলা কংগ্রেস। ২৬ ডিসেম্বর থেকে ২৫ জানুয়ারির মধ্যে রাজ্য জুড়ে বিভিন্ন জেলায় ব্লক ও শহরের কর্মিসভা করতে চলেছে মহিলা তৃণমূল নেতৃত্ব। ওই কর্মসূচির নাম দেওয়া হয়েছে 'দীক্ষা'। এর মধ্য দিয়ে মহিলা কর্মীরা নেতৃত্বের কাছ থেকে দল চালানোর পাঠ নেবেন। শিখে নেবেন কৌশল। তাই 'দীক্ষা' নাম। তৃণমূল ভবনে সংগঠনের জেলা মহিলা সভানেত্রী ও রাজ্য নেতৃত্বের সঙ্গে বৈঠকের মধ্য দিয়ে টানা ২ মাসের জন্য একাধিক কর্মসূচির কথা জানানো হয়। বৈঠকে ছিলেন রাজ্য মহিলা তৃণমূল কংগ্রেসের সভানেত্রী তথা মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। সব মিলিয়ে ধর্মীয় উৎসবকে হাতিয়ার করে ভোট বাক্সের লড়াইয়ে তৃণমূল।তৃণমূল মহিলা কংগ্রেস সূত্রে জানা যাচ্ছে, ২৭ জানুয়ারি থেকে ২৭ ফেব্রুয়ারি একমাসের মধ্যে সমস্ত জেলা সম্মেলন সেরে নিতে হবে বলে তৃণমূল মহিলা কংগ্রেস জানিয়েছে। প্রত্যেকটি জেলা সম্মেলনে দলের মহিলা সংগঠনের রাজ্য নেতৃত্বের একজন করে উপস্থিত থাকবেন। কোন তারিখে কোন জেলা সম্মেলন হবে, তা এখনও অবশ্য চূড়ান্ত হয়নি। কয়েকদিনের মধ্যেই সেই তালিকা পাঠিয়ে দেওয়া হবে বলে জেলা নেতৃত্ব সূত্রে জানা গিয়েছে। পুরুলিয়া জেলা মহিলা তৃণমূলের সভানেত্রী সুমিতা সিং মল্ল বলেন, "টানা দুমাস আমাদের একগুচ্ছ কর্মসূচি রয়েছে। রাজ্য সরকারের উন্নয়নমূলক কাজকে আরও ব্যাপক হারে প্রচার করতেই আমাদের

এরপর ৩ পাতায়

# সিবিআইয়ের আবেদন মেনে কালীঘাটের কাকুকে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানোর নির্দেশ দিলো কোর্ট



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**

এবার শিক্ষক নিয়োগ দুর্নীতিতে ধৃত সুজয়কৃষ্ণ ভদ্র ওরফে কালীঘাটের কাকুর কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করবে সিবিআই। শনিবার বিশেষ সিবিআই আদালত সিবিআইয়ের আবেদন মঞ্জুর করল। একইসঙ্গে সিবিআইয়ের আবেদন মেনে কালীঘাটের কাকুকে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানোর নির্দেশ দিলেন বিচারক। সুজয় ভদ্রকে কেন তাঁরা নিজেদের হেফাজতে আর রাখতে চাইছে না, এদিন সেই যুক্তিও দিলেন সিবিআইয়ের আইনজীবী সন্দীপ চৌধুরী।গত বছরের ২৩ মে সুজয়কৃষ্ণ ভদ্রকে গ্রেফতার করেছিল ইডি। দীর্ঘদিন হাসপাতালে ভর্তি ছিলেন কালীঘাটের কাকু। তাঁর কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ নিয়েও টানাপোড়েন চলছিল। শেষমেশ চলতি বছরের ৩ জানুয়ারি জোকা ইএসআই হাসপাতালে তাঁর কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করা হয়। এবার সিবিআই তাঁর কণ্ঠস্বরের নমুনা সংগ্রহের অনুমতি পেল।

গত চারদিন সিবিআই হেফাজতে ছিলেন কালীঘাটের কাকু। কিন্তু, এদিন আর সুজয় ভদ্রকে নিজেদের হেফাজতে চায়নি কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। তাঁকে জেল হেফাজতে পাঠানোর আবেদন জানায়। কিন্তু, আর কেন নিজেদের হেফাজতে চাইছে না কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা?

বিশেষ সিবিআই আদালতে সিবিআই আইনজীবী সন্দীপ চৌধুরী বলেন, গত চারদিন অনশনে রয়েছেন সুজয় ভদ্র। খাবার, ওষুধ কিছুই খাচ্ছেন না। ফলে বাড়ছে সুগারের লেভেল। অনশন করার কারণ নিয়ে সিবিআই আইনজীবী বলেন, উনি রাজনৈতিক ব্যক্তিত্ব। জানেন অনশন করে সমস্যার অন্যরকম সমাধান হয়। অনশন করে মেডিক্যাল এমার্জেন্সি তৈরির চেষ্টা করছেন। এই পরিস্থিতিতে সুজয় ভদ্রকে আর নিজেদের হেফাজতে রাখতে চায় না সিবিআই।

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আইনজীবী

এরপর ৩ পাতায়


# মমতাকে অভিযোগ জানিয়েই কেল্লা ফতে! আবাসের পাকা বাড়ি পেল ৬২৭ পরিবার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

গত দু'বছর ধরে সরকারি আবাস যোজনা প্রকল্প নিয়ে কেন্দ্র বনাম রাজ্যের মধ্যে চলছে ব্যাপক চাপানউতর। ২০২২ সালের পর থেকে এই প্রকল্পে রাজ্যের জন্য বরাদ্দ টাকা দেওয়া বন্ধ করে দিয়েছে কেন্দ্রীয় সরকার। অবশেষে এই প্রকল্পে বাংলার মানুষদের বাড়ি তৈরির জন্য নিজস্ব কোষাগার থেকেই টাকা দেওয়ার কথা

এরপর ৩ পাতায়







# ভবিষ্যতে পশ্চিমবঙ্গের কিছু অংশ বাংলাদেশের হয়ে যাবে বলে মন্তব্য কংগ্রেস নেতার

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ভারতের লোকসভার সাবেক বিরোধী দলীয় নেতা ও পশ্চিমবঙ্গ রাজ্য কংগ্রেসের সাবেক সভাপতি অধীর রঞ্জন চৌধুরী জানিয়েছেন, বাংলাদেশে মৌলবাদকে মাথাচাড়া দেয়ার ব্যবস্থা করা হচ্ছে। এর প্রভাব পড়ছে পশ্চিমবঙ্গের সীমান্তবর্তী মুসলিম সংখ্যাগরিষ্ঠ জেলাগুলোতেও। এটি এখনই বন্ধ না করা গেলে ভবিষ্যতে রাজ্যের বেশ কিছু অংশ বাংলাদেশ নিজেদের বলে দাবি করতে পারে।

ভারতীয় একাধিক মিডিয়ার তথ্যানুসারে অধীরের আশঙ্কা, পরিস্থিতি চলমান থাকলে পশ্চিমবঙ্গের মালদহ, দিনাজপুর, মুর্শিদাবাদ, চব্বিশ পরগনার মতো মুসলিম প্রধান এলাকাগুলোকে বাংলাদেশ নিজের অংশ হিসেবে দাবি করবে।

এ অবস্থায় রাজ্য এবং কেন্দ্রকে কঠোর পদক্ষেপের অনুরোধ জানিয়েছেন অধীর। তিনি বলেন, আর ঠুনকো রাজনীতি করবেন না। পশ্চিমবঙ্গ শেষ হয়ে যাবে, দেশ শেষ হয়ে যাবে। এগুলো ক্যান্সারের লক্ষ্মণ। তাই এই বিষয়ে এখনই কার্যকরী পদক্ষেপ নেয়া উচিত।



তিনি বলেন, আমি অনেক আগে বলেছিলাম, বাংলাদেশের মৌলবাদীরা যদি প্রশ্রয় পায়, ক্ষমতার স্বাদ পায় তাহলে পশ্চিমবঙ্গের দিকে হাত বাড়াবে। বাংলার মুর্শিদাবাদ, মালদহ, দিনাজপুরে মুসলিমেরা সংখ্যাগুরু। মুর্শিদাবাদে ৭০ শতাংশ মুসলিম বসবাস করে। এরা আগামীদিনে এই এলাকাগুলোকে বাংলাদেশের অতিরিক্ত অংশ হিসেবে দাবি করবে।

এরপর ৩ পাতায়

# আত্মহত্যা নয়, মন্দারমণিতে 'খুন' হয়েছেন তৃণমূল নেতা, দাবি পরিবারের

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

মন্দারমণির হোটেলের ঘর থেকে উদ্ধার হয়েছে আমডাঙার তৃণমূল নেতার দেহ। পুলিশের অনুমান, বান্ধবীর সঙ্গে সম্পর্কের টানাপোড়েনের কারণেই আত্মঘাতী হয়েছেন উপপ্রধানের স্বামী। স্ত্রীর দাবি, কোনও সম্পর্কের টানাপোড়েন নয়, স্বামী 'খুন' হয়েছেন ব্যবসায়িক কারণে। বিবাহবর্হিভূত সম্পর্কের কথা জানতেনই না তিনি।বান্ধবীর সঙ্গে সম্পর্কের টানাপোড়েনের কারণেই তৃণমূল নেতা আত্মঘাতী হয়েছে বলে পুলিশ অনুমান করলেও, মৃতের স্ত্রী সুমাইয়া



পারভিন এবং পরিবারের অন্যান্যরা অবশ্য আত্মঘাতীর তথ্য মানতে নারাজ। তাঁদের দাবি আবুল নাসারকে খুন করা হয়েছে। মৃতের স্ত্রী সুমাইয়া পারভিন জানিয়েছেন, "আমাদের ব্যবসার প্রায় ১০ লাখ টাকা বাকি পড়েছিল। সেই টাকা আনতে যাচ্ছি বলেই আমাকে জানিয়েছিল ও। যাওয়ার সময় আমি ব্যাগ গুছিয়ে দিয়েছিলাম। কিন্তু কীভাবে এই ঘটনা ঘটল, বুঝতে পারছি না।" তাঁর স্বামীর সঙ্গে কোনও তরুণীর সম্পর্ক ছিল, এমনটা জানেন না বলেও জানান উপ-প্রধান। এই প্রসঙ্গে আমডাঙা পঞ্চায়েত সমিতির সভাপতি আনিসুর রহমান বলেন, "আবুলের মৃত্যু রহস্যজনক। কী কারণে মৃত্যু পুলিশ তদন্ত করলেই পরিষ্কার হবে। তবে, তাঁর মৃত্যুর সঙ্গে রাজনৈতিক কোনও সম্পর্ক নেই। আবুল দলের সক্রিয় নেতৃত্ব ছিলেন। তাঁর মৃত্যুতে দলের ক্ষতি হল।"আমডাঙা ব্লকের আধহাঁটা পঞ্চায়েতের কাছারিয়া গ্রামের বাসিন্দা ছিলেন বছর চৌত্রিশের আবুল নাসার। তাঁর স্ত্রী সুমাইয়া পারভিন আধহাঁটা পঞ্চায়েতের উপপ্রধান। দুই ছেলে, মেয়ে এবং বাবা মাকে নিয়ে তাঁর সংসার। উপপ্রধান স্ত্রীর প্রতিনিধি হিসেবে এলাকায় কাজ করার পাশাপাশি, আবুল জেসিবি মেশিন ভাড়া দেওয়ার ব্যবসা করতেন। পরিবার সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার সন্ধ্যায় এলাকার এক বন্ধুকে নিয়ে সমুদ্র সৈকত মন্দারমণিতে ব্যবসার ১০ লাখ টাকা আনতে গিয়েছিলেন আবুল। এরপরই শনিবার সকালে তাঁর মৃত্যুর খবর আসে আমডাঙার বাড়িতে।হোটেল সূত্রে খবর, দুই মহিলা এবং এক যুবককে সঙ্গে নিয়ে শুক্রবার মন্দারমণির ওই হোটেলে ওঠেন আবুল নাসার। এক মহিলাকে ওই সন্ধ্যায় হোটেল থেকে চলে যেতে দেখেন সকলে। তৃণমূল নেতা-সহ তিনজন সেই সময় হোটেলেই ছিলেন। এরপর শনিবার সকালে দীর্ঘক্ষণ কেটে গেলেও, ওই ঘর থেকে কারও সাড়াশব্দ পাওয়া যায়নি। পরে হোটেল কর্মীরা ঘরের দরজা ভেঙে ভিতরে ঢোকে। ঝুলন্ত অবস্থায় উপপ্রধানের স্বামীকে দেখতে পান হোটেল কর্মীরা।

# ৪৩ বছর পর কুয়েতে ভারতের প্রধানমন্ত্রী



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

কুয়েতে পৌঁছলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দু'দিনের সফরে একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে সে দেশের প্রশাসনের সঙ্গে আলোচনা করবেন তিনি। পাশাপাশি কুয়েতের প্রবাসী ভারতীয়দের সঙ্গেও দেখা করার কর্মসূচি রয়েছে মোদীর। দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর থেকে ফুটবল টুর্নামেন্টের মতো একগুচ্ছ কর্মসূচিতে সারবেন দু'দিনে।

১৯৮১ সালে ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী কুয়েত সফরে গিয়েছিলেন। তার পর আর কোনও ভারতীয় প্রধানমন্ত্রী সে দেশে যাননি। ৪৩ বছর পর কুয়েতের যুবরাজ আমির শেখ মেশাল আল-আহমেদ আল-জাবের-আল-সাবাহের আমন্ত্রণে মোদী শনিবার কুয়েত গেলেন। ভারতের পররাষ্ট্রমন্ত্রণালয়ের তরফে জানানো হয়েছে, প্রধানমন্ত্রীর এই সফরে দু'দেশের মধ্যে প্রতিরক্ষা সহযোগিতা জোরদার করাই মূল লক্ষ্য। এ ছাড়াও এই সফরে কিছু দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হওয়ার সম্ভাবনাও রয়েছে। ভারত এবং উপসাগরীয় সহযোগিতা পরিষদের (জিসিসি) সঙ্গে সম্পর্ক দৃঢ় করার বিষয়ে আলোচনা হতে পারে।

ভারতীয় পররাষ্ট্রমন্ত্রণালয়ের সচিব অরুণকুমার চট্টোপাধ্যায় জানিয়েছেন, প্রধানমন্ত্রীর এই সফর ঐতিহাসিক। দু'দেশের মধ্যে নতুন অধ্যায়ের সূচনা হবে। ব্যবসা-বাণিজ্য, শিল্প, প্রতিরক্ষা ইত্যাদি নিয়ে আলোচনা হবে। শনিবার কুয়েতের উদ্দেশে পাড়ি দেয়ার আগে মোদী জানান, তিনি এই সফর নিয়ে উচ্ছ্বসিত। কুয়েতের যুবরাজ, প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকের অপেক্ষায় রয়েছেন।

কুয়েতে শীর্ষ ব্যবসায়িক অংশীদারদের তালিকায়

এরপর ৩ পাতায়

# কংগ্রেসের উপরে চাপ বাড়াচ্ছে বিজেপি




বেবি চক্রবর্ত্তী: দিল্লী

সংসদের বাইরে আম্বেদকর ইস্যুতে বিজেপি কংগ্রেসের প্রায় হাতাহাতি শুরু হয়েছিল। আর তাতেই রাহুল গান্ধীর ধাক্কায় দুজন বিজেপি সাংসদ আহত হয়। এই বিষয়টাকে হাতিয়ার করে বিজেপি নেমে পড়েছে যুদ্ধে। সেই মামলার তদন্তভার গেল ক্রাইম ব্রাঞ্চের হাতে। লোকসভায় বিজেপি সাংসদদের উপর 'আক্রমণে'র ঘটনায় গত কয়েকদিন আগেই রাহুল গান্ধীর বিরুদ্ধে অভিযোগ দায়ের হয় দিল্লি পুলিশে। সেই ঘটনার তদন্ত এখন থেকে ক্রাইম ব্রাঞ্চ করবে বলেই জানা যাচ্ছে। সূত্রে জানা যাচ্ছে, এই ঘটনার তদন্তে খুব শীঘ্রই লোকসভার বিরোধী দলনেতাকে তলব করা হতে পারে বলে জানা যাচ্ছে।, ফলে চাপ এক ধাক্কায় অনেকটাই বাড়তে পারে বলেই মনে করা হচ্ছে।

বিষয়টা তখনই মিট যেতে পারতো। কিন্তু সংসদীয় রাজনীতিতে সমস্যাকে জিইয়ে রাখা একটা বিশেষ স্টাইল।

এরপর ৩ পাতায়

# ভারতের ওপর আবারও উচ্চ শুল্ক আরোপের হুমকি ট্রাম্পের



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ভারতীয় পণ্যের ওপর অতিরিক্ত শুল্ক আরোপ করার হুমকি দিলেন যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। একইসঙ্গে ব্রাজিলের ওপরেও একই নীতি প্রয়োগ করবেন বলে জানিয়েছেন তিনি।

১৮ ডিসেম্বর ভারতীয় বার্তাসংস্থা পিটিআই এক প্রতিবেদনে এ খবর জানিয়েছে।

এতে বলা হয়েছে, মঙ্গলবার নিজের বাসভবন মার-এ লাগোতে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন ডোনাল্ড ট্রাম্প।

এরপর ৪ পাতায়




# শিলিগুড়িতে প্রধান অতিথি হিসেবে সীমা সুরক্ষা বল (এসএসবি)-এর ৬১-তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে যোগ দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ আজ পশ্চিমবঙ্গের শিলিগুড়িতে সশস্ত্র সীমা বলের ৬১তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে যোগ দেন। এদিন তিনি আগরতলায় একটি সুসংহত চেক পয়েন্ট এবং বনগাঁর পেট্রাপোলে নবনির্মিত আবাসন কমপ্লেক্সেরও ভার্চুয়াল উদ্বোধন করেন। তাঁর ভাষণের শুরুতে সীমান্ত রক্ষায় নিয়োজিত সাহসী যোদ্ধা এবং পূর্বাঞ্চলের বাম উগ্রপন্থা মোকাবিলায় নিহতদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন শ্রী অমিত শাহ। তিনি বলেন, নিহতদের আত্মত্যাগ দেশকে এক নতুন জীবন দিয়েছে এবং দেশ তাঁদের জন্য গর্বিত।

সীমান্তবর্তী গ্রামগুলিতে

এরপর ৩ পাতায়

# ৭ মিনিট অন্তর সব ট্রেন! দমদম আর 'শেষ' স্টেশন নয়, বড় বদল কলকাতা মেট্রোয়



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

আগামী সোমবার থেকে বড়সড় বদল আসছে কলকাতা মেট্রোয়। কারণ প্রায় সব মেট্রোই ছাড়া হবে দক্ষিণেশ্বর থেকে, এতদিন যা দমদম থেকে ছাড়া হত। মেট্রো কর্তৃপক্ষ জানিয়েছে, আপাতত পরীক্ষামূলকভাবেই দক্ষিণনেশ্বর থেকে চালানো হবে ট্রেন।মেট্রো কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে, ৬.২৫ কিলোমিটারের নোয়াপাড়া থেকে এয়ারপোর্ট অংশে সবকিছু ঠিকঠাক আছে কিনা, সিস্টেম ঠিকমতো কাজ করছে কিনা, থার্ড লাইন এবং ট্র্যাক আছে কিনা, তা পরীক্ষা করে দেখার জন্য ট্রায়াল রান চালানো হয়। ২০২৫ সালের মার্চের মধ্যে নোয়াপাড়া থেকে এয়ারপোর্টের মধ্যে বাণিজ্যিক পরিষেবা শুরুর কথা রয়েছে।মেট্রো কর্তৃপক্ষের তরফে বলা হয়েছে, দিনের প্রথম মেট্রো দক্ষিণেশ্বর থেকে ছাড়বে সকাল ৬টা ৫৫ মিনিটে। কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বরগামী সকালের প্রথম মেট্রোর সময়ও তাই। এদিকে দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষগামী দিনের শেষ মেট্রোর সময় বদলে ৯টা ৩৩ মিনিট করা হয়েছে, যা ৯টা ২৮ মিনিট ছিল। তবে কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বর এবং কবি সুভাষ থেকে

এরপর ৩ পাতায়

# জঙ্গলমহলে আতঙ্কের আরেক নাম বাঘিনী যমুনা!



ঝাড়গ্রাম

মাওবাদী সমস্যার সময়ে জঙ্গলমহলের মানুষের মধ্যে আতঙ্ক ছিল। তবে সেই আতঙ্ক বর্তমানে নেই। কিন্তু হঠাৎই বেশ কয়েকদিন ধরে জঙ্গলমহলে মানুষের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়েছে। বর্তমানে জঙ্গলমহলের মানুষের কাছে আতঙ্কের আরেক নাম বাঘিনী যমুনা! জঙ্গল মহলের মধ্যে ঝাড়গ্রাম জেলার অন্তর্গত বেলপাহাড়িতে এবার বাঘের আতঙ্কে ঘুম উড়েছে প্রত্যন্ত এলাকার জঙ্গল লাগোয়া গ্রামবাসীদের। বাঘিনী যমুনার আতঙ্কে আতঙ্কিত ঝাড়গ্রাম জেলাবাসী। বনদপ্তর সূত্রে জানা গেছে, ঝাড়খণ্ডের চাকুলিয়া রেঞ্জের রাজা বাসার জঙ্গল পেরিয়ে ঝাড়গ্রামের বেলপাহাড়ি থানার অন্তর্গত কাটুচুয়া জঙ্গলে ঢুকে পড়ে বাঘিনী যমুনা। তবে ইতিমধ্যেই বাঘিনীর গতিবিধি নজরে রাখছেন বনকর্মীরা। ড্রোন দিয়ে নজরদারি চালানো হচ্ছে বলেও জানা গিয়েছে বনদপ্তর সূত্রে। পাশাপাশি যমুনার গলায় রয়েছে ট্রাকার। ফলে তার অবস্থান জানতে বিশেষ বেগ পেতে হচ্ছে না বনকর্মীদের। বাঘিনী যমুনা কে ধরার জন্য ইতিমধ্যে ছাগল ও মহিষের টোপ দিয়ে খাঁচা বসানোর

এরপর ৩ পাতায়



১-ম পাতার পর

# সিবিআইয়ের আবেদন মেনে কালীঘাটের কাকুকে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানোর নির্দেশ দিলো কোর্ট

আরও বলেন, সুজয় ভদ্র তদন্তে সাহায্য করছেন না। তিনি অনেক কিছু জানেন। কিন্তু, কিছু বলছেন না। তিনি প্রভাবশালী ব্যক্তি। জামিন পেলে তদন্ত প্রভাবিত করার চেষ্টা করতে পারেন বলে সিবিআই আইনজীবী দাবি করেন।

অপরদিকে সুজয়কৃষ্ণ ভদ্রের আইনজীবী সেলিম রহমানের বক্তব্য, নিয়ম মেনে ভয়েস স্যাম্পেল নেওয়া হোক। তাঁর মক্কেল রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত নন। ফলে তাঁর সঙ্গে রাজনৈতিক নেতাদের কোনও যোগাযোগ নেই। তিনি অসুস্থ। বাইপাস সার্জারি হয়েছে, স্ত্রী মারা গিয়েছেন। এসব বিচার করে জামিন দেওয়া হোক। জামিন দিয়ে প্রয়োজনে হাউস অ্যারেস্ট করা হোক। দু'পক্ষের বক্তব্য শোনার পর কালীঘাটের কাকুকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন বিচ।

১-ম পাতার পর

# বড়োদিনে এক মাস ধরে মহিলা তৃণমূলের বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হবে ঘোষণা মমতার

এই সংগঠনগত কর্মসূচি। কর্মী সভা জেলা সম্মেলনের মধ্য দিয়ে সংগঠনকে আরও মজবুত করে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় মহিলার উন্নয়নের জন্য যে কাজগুলি করেছেন, সেগুলি আরও ভালোভাবে তুলে ধরব নতুন বছরে।" সব মিলিয়ে জানুয়ারি ও ফেব্রুয়ারি জমে উঠবে তৃণমূলের মহিলা সেলের বিভিন্ন অনুষ্ঠানে।

১-ম পাতার পর

# মমতাকে অভিযোগ জানিয়েই কেল্লা ফতে! আবাসের পাকা বাড়ি পেল ৬২৭ পরিবার

ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়।

কারণ গত দু বছরের মধ্যে অনেক পরিবারই আর্থিকভাবে স্বচ্ছল হয়ে উঠেছে। তাই অনেকেই পাকা বাড়িও তৈরি করে ফেলেছেন। নিয়ম অনুযায়ী টিনের বা অ্যাসবেস্টটের ছাউনি দেওয়া চারটি পাকা দেওয়ালের বাড়ি থাকলেও এই আবাস তালিকায় ওই পরিবার অনুপযুক্ত হিসেবেই বিবেচিত হবে। তাই এমন উপভোক্তাদেরও এই তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে।

সরাসরি মুখ্যমন্ত্রী'কে জানিয়ে ঝাড়গ্রামের ৬২৭ টি পরিবার এবার বাড়ি পেয়েছেন। এদের মধ্যে জামবনি ব্লকে ১৯৫ জন ও বিনপুর-১ ব্লকে ১৫৫ জন রয়েছেন। এছাড়া প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত হওয়া গোপীবল্লভপুর-১ ব্লকে ৪২ জন, এবং জামবনি ব্লকে ১৬ জনের নাম অন্তর্ভুক্ত হয়েছে আবাস তালিকায়। সবাই বলছেন সরাসরি মুখ্যমন্ত্রীকে অভিযোগ জানিয়েই তারা অনেক সুফল পেয়েছেন। এমনকি বাড়ির জন্যও টাকা পেয়েছেন।কথা মতই বড়দিনের আগে এই প্রকল্পের প্রথম কিস্তির টাকা সঠিক উপভোক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পাঠানো হয়েছে। সরাসরি মুখ্যমন্ত্রীকে অভিযোগ জানিয়ে ঝাড়গ্রামের ঝড়-বৃষ্টিতে ভেঙে পড়া প্রায় ৭০০ টি পরিবার আবাস প্রকল্পে পাকা বাড়ি তৈরির টাকা পেয়েছেন। ঝাড়গ্রাম জেলার চূড়ান্ত তালিকা থেকে বাদ গিয়েছে প্রায় ২৬০০ জনের নাম। এই জেলার ২০ হাজার ১৮৩ জন আবাসের বাড়ির জন্য টাকা পেয়েছেন। এদের মধ্যে মুখ্যমন্ত্রীর 'গ্রিভান্স সেলে' অভিযোগ জানিয়ে বাড়ি পেয়েছেন মোট ৬২৭ জন। এছাড়াও ঝড়-বৃষ্টিতে ভেঙে যাওয়ার পর বাড়ি ভেঙে মোট ৬৯ জন বাড়ি তৈরির টাকা পেয়েছেন। প্রসঙ্গত ২০২২ সালের ডিসেম্বর মাসে আবাস যোজনায় মোট ৫০ হাজার বাড়ির সমীক্ষা করা হয়েছিল এর মধ্যে ৫০ শতাংশের বেশি বাড়ি ক্ষেত্রে গরমিল পাওয়া যায়।এমন অনেক অভিযোগ আসে যেখানে দেখা যায়, পাকা বাড়ি থাকা সত্ত্বেও তারা আবাস যোজনা প্রকল্পে বাড়ি পাওয়ার জন্য আবেদন জানিয়েছেন। আবার অনেক ক্ষেত্রে দেখা গিয়েছিল একই পরিবারের দুই থেকে তিনজন এই বাড়ি তৈরির প্রকল্পে নাম লিখিয়েছেন। আবার দোতালা বাড়ি থাকা সত্ত্বেও অনেকের নাম উঠেছিল এই তালিকায়।

সমীক্ষার পর ঝাড়গ্রাম জেলার তিরিশ হাজারের বেশি উপভোক্তার নাম বাদ যায় তালিকা থেকে। এছাড়া বাড়ি তৈরির অনুমোদন পেয়েছিল ঝাড়গ্রামের মোট ২২ হাজার ৮৪৬টি পরিবার। কিন্তু অনুমোদন পাওয়ার পরেও তাদের কোন টাকা দেয়নি কেন্দ্রীয় সরকার। তাই বাড়িও তৈরি হয়নি। মুখ্যমন্ত্রীর উদ্যোগে আবার নতুন করে শুরু হয় সমীক্ষা। তারপর ওই আগের তালিকায় থাকা ২২ হাজার ৮৪৬ জনের মধ্যে থেকেও বাদ দেওয়া হয় ২৬০০ জনের নাম।

২ পাতার পর

# ভবিষ্যতে পশ্চিমবঙ্গের কিছু অংশ বাংলাদেশের হয়ে যাবে বলে মন্তব্য কংগ্রেস নেতার

অধীর আরো বলেন, আমি এ কথা বলছি, কারণ রাজনৈতিক অস্থিরতার সুযোগ নিয়ে ইরাক, সিরিয়ার জন্ম নিয়েছিল আইএস। তাদের লক্ষ্য সাম্রাজ্য বাড়ানো। তারা খালিফ বলে দাবি করছে। অথচ ইসলামে এমন কোনো কথা বলা নেই। এটা মৌলবাদের চরিত্র। মৌলবাদীদের এখনই রোখা না গেলে এরা এখন যেমন উত্তর-পূর্ব নিয়ে দাবি করছে, আগামী দিনে বাংলারও মুসলিম সংখ্যাগরিষ্ঠ জেলাগুলোকে বাংলাদেশের অঙ্গ হিসেবে দাবি করবে।

১৯৪৭ সালে দেশভাগের সময় মুর্শিদাবাদের পাকিস্তানের অংশ হওয়া প্রসঙ্গে অধীর মনে করিয়ে দেন, তখন মুর্শিদাবাদ দুই দিন পাকিস্তানের অন্তর্ভুক্ত ছিল। আজও মুর্শিদাবাদে মুসলিমরা সংখ্যাগরিষ্ঠ। সেই সময়কার মুসলিমরা এই অঞ্চলকে পাকিস্তানের বলে দাবি করেছিল। বর্তমানে এই অঞ্চলের মুসলিমরা নিজেদের প্রভাব বিস্তার করতে চাইছে বলেও মন্তব্য করেন তিনি।

২ পাতার পর

# ৪৩ বছর পর কুয়েতে ভারতের প্রধানমন্ত্রী

ভারতের স্থান উপরের দিকে। এ ছাড়াও সে দেশের জনসংখ্যার একটা বড় অংশই প্রবাসী ভারতীয়। কুয়েতের শ্রমশক্তির ৩০ শতাংশই ভারতের নাগরিক। ভারতে অপরিশোধিত তেল সরবরাহকারী দেশের তালিকায় কুয়েত ষষ্ঠ স্থানে।

মোদীর কুয়েত সফরকে কটাক্ষ করেছে কংগ্রেস। টেনে এনেছে মণিপুর প্রসঙ্গও। কেন তিনি অশান্ত মণিপুরে যাচ্ছেন না, তা নিয়ে প্রশ্ন তুলেছে হাত শিবির। কংগ্রেস নেতা জয়রাম রমেশ এ বিষয়ে জানান, মণিপুরের মানুষের জন্য তারিখ বার করতে পারছেন না মোদী। অথচ কুয়েতের যুবরাজের সঙ্গে দেখা করার সময় আছে তার।

২ পাতার পর

# কংগ্রেসের উপরে চাপ বাড়াচ্ছে বিজেপি

বলে রাখা প্রয়োজন, আম্বেদকর ইস্যুতে সংসদ চত্বরে কংগ্রেস সহ বিরোধী দলের সাংসদদের সঙ্গে তুমুল ধস্তাধস্তিতে জড়িয়ে পড়েন বিজেপি সাংসদরা। আর এই ঘটনায় দুই বিজেপি সাংসদ গুরুতর আহত হন। দুজনের মাথায় চোট লাগে। ঘটনার কয়েকদিন কেটে গেলেও এখনও হাসপাতালে চিকিৎসাধীন ওই দুই সাংসদ। এরপরেই দিল্লির পার্লামেন্ট স্ট্রীট থানায় লোকসভার বিরোধী দলনেতার বিরুদ্ধে একাধিক ধারায় এফআইআর দায়ের হয়। ভারতীয় ন্যায় সংহিতার ১১৭, ১২৫, ১৩১, ৩৫১ এবং ৩(৫) ধারায় রাহুলের বিরুদ্ধে এফআইআর করা হয়। তাৎপর্যপূর্ণভাবে দিল্লি পুলিশের ক্রাইম ব্রাঞ্চ রাহুলের বিরুদ্ধে এই তদন্ত করবে। ফলে চাপ বাড়ছে রাহুলের।

২ পাতার পর

# ৭ মিনিট অন্তর সব ট্রেন! দমদম আর 'শেষ' স্টেশন নয়, বড় বদল কলকাতা মেট্রোয়

দমদমগামী রাতের শেষ মেট্রোর সময় অপরিবর্তিত রয়েছে।

আরও একটি বিষয় বদল করেছে মেট্রো রেল। এত দিন অফিসের ব্যস্ত সময়ে ৬ মিনিট অন্তর মেট্রো চলত। কিন্তু এবার সেই ব্যবধান বাড়িয়ে ৭ মিনিট করা হয়েছে। তবে সোম থেকে শুক্রবার যেমন রাতে বিশেষ মেট্রো কবি সুভাষ থেকে দমদম পর্যন্ত চালানো হয়, তেমনই চলবে। এমনটাই জানিয়েছে মেট্রো কর্তৃপক্ষ। এরই মধ্যে আবার নোয়াপাড়া-এয়ারপোর্ট অংশে সমস্ত প্রস্তুতি ঠিক আছে কী না তা খতিয়ে দেখা হয়েছে। নোয়াপাড়া থেকে দমদম ক্যান্টনমেন্ট হয়ে বিমানবন্দর, প্রায় সাড়ে ছয় কিলোমিটারের এই পথ জুড়বে মেট্রোয়। সে কারণে গত শনিবার এই রুটে প্রথম বার সফলভাবে পরীক্ষামূলক ট্রায়াল রান চালাল কলকাতা মেট্রো কর্তৃপক্ষ।

২ পাতার পর

# শিলিগুড়িতে প্রধান অতিথি হিসেবে সীমা সুরক্ষা বল (এসএসবি)-এর ৬১-তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে যোগ দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ

দেশের সংস্কৃতি, ভাষা ও উজ্জ্বল ঐতিহ্য রক্ষায় সশস্ত্র সীমান্ত বলের অনন্য ভূমিকার প্রশংসা করেন তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এসএসবি নেপাল ও ভুটানের সঙ্গে ভারতের বন্ধুত্ব, বিশ্বাস ও আস্থার ঐতিহ্যকে এগিয়ে নিয়ে চলেছে। সীমান্তে মাদক ও অস্ত্র পাচার, মানুষ পাচার এবং দেশ বিরোধী শক্তির অনুপ্রবেশ বন্ধে এসএসবি জওয়ানদের অতি সত্রিয় ভূমিকার কথা তুলে ধরেন তিনি। পূর্বাঞ্চলে নকশাল দমনেও এসএসবি-র গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করেন তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, প্রায় চার দশক পর বিহার ও ঝাড়খণ্ডকে নকশালমুক্ত করার ক্ষেত্রে এসএসবি বিশেষ ভূমিকা পালন করেছে। সীমান্তের ১৫ কিলোমিটার এলাকার মধ্যে সরকারি জমি জবরদখলে গত ৩ বছরে এসএসবি-র শূন্য-সহনশীল নীতি গ্রহণের কথা উল্লেখ করে শ্রী শাহ বলেন, তাঁদের তৎপরতার কারণেই হাজার হাজার একর সরকারি জমিকে দখলমুক্ত করা সম্ভব হয়েছে। তাঁর ভাষণে অমিত শাহ জানান, গত ৭ বছরে ৬০০-র বেশি মাওবাদীকে গ্রেপ্তার করেছে এসএসবি। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বন্যা, ধস সহ বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয়ের সময় মানুষের সঙ্গে হাত মিলিয়ে উদ্ধার কাজে সামিল হয়েছে এসএসবি। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর দক্ষ নেতৃত্বের কথা উল্লেখ করে শ্রী অমিত শাহ বলেন, আয়ুষ্মান কার্ড, সিএপিএফ ই-আবাসন ও বৃত্তির মতো কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের কথা উল্লেখ করেন। সীমান্তবর্তী এলাকায় প্রশিক্ষণদানের মাধ্যমে তরুণদের স্বনির্ভর করে তোলার ক্ষেত্রে এসএসবি-র উদ্যোগের কথা তুলে ধরেন তিনি। অনুষ্ঠানে ডিরেক্টর (আইবি), সচিব সহ স্বরাষ্ট্রমন্ত্রকের পদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

২ পাতার পর

# জঙ্গলমহলে আতঙ্কের আরেক নাম বাঘিনী যমুনা!

প্রস্তুতি চলছে। বাঘিনী যমুনা বেলপাহাড়ীর কাঁকড়াঝড়ের ময়ূর ঝরনা জঙ্গলে অবস্থান করায় অপ্রীতিকর ঘটনা এড়াতে শনিবার সকাল থেকে বেলপাহাড়ির জুজারধারা, ময়ূরঝোড়া, জাবলা, তেলিঘানা, ওরালি, চিরিমারা, মনিরাডি, কাঁকরাঝোড়, আমলাসোল, দলদলি সহ একাধিক গ্রামের গ্রামবাসীদের প্রশাসনের পক্ষ থেকে মাইকিং করে সচেতন করা হচ্ছে। সেই সঙ্গে নিকটবর্তী রিসোর্ট গুলিকেও সচেতন করা হয়েছে। সেই সঙ্গে গ্রামবাসীদের অনুরোধ করা হচ্ছে তারা যাতে জঙ্গলে না যান। অত্যন্ত প্রয়োজন ছাড়া সন্ধ্যার পর বাড়ি থেকে বের হতে নিষেধ করা হচ্ছে গ্রামবাসীদের। গ্রামের এক গৃহবধূ ললিতা মুর্মু বলেন, পুলিশ এসে আমাদের গ্রামে বলে গিয়েছে জঙ্গলে না যেতে। পাশাপাশি বনদপ্তরের লোকেরাও এসে সাবধান করে যাচ্ছে। তবে আমরা যথেষ্ট আতঙ্কের মধ্যেই রয়েছি। ভয়ে ভয়ে দিন কাটাতে হচ্ছে আমাদের। অনেকের বাড়িতে বা ছোট ছোট ছেলেরাও রয়েছে, কোনভাবেই অজান্তে চলে আসলে বড় ক্ষতি হয়ে যেতে পারে। বাঘ এলাকায় আসবে কোনদিনই ভাবেনি, কেউ বলছে একটি কেউ বলছে আবার দুটি রয়েছে। তবে পুলিশ প্রশাসনকে অনুরোধ গ্রামে যাতে না বাঘ প্রবেশ করে সেই দিকে লক্ষ নজর রাখতে।

# অরবিন্দ কেজরিওয়ালের বিরুদ্ধে ইডিকে আইনি প্রক্রিয়া চালুর সম্মতির খবর 'মিথ্যা', দাবি আপের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



দিল্লি বিধানসভা নির্বাচনের আগে নতুন করে বিপাকে আম আদমি পার্টির প্রধান। আবগারি দুর্নীতি মামলায় দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের বিরুদ্ধে আইনি প্রক্রিয়া চালিয়ে যাওয়ার অনুমতি পেল ইডি। দিল্লির লেফটেন্যান্ট গভর্নর ভিকে সাক্সেনা কেন্দ্রীয় সংস্থা আবেদনের সাপেক্ষে এই সবুজ সংকেত দিয়েছেন।

যদিও এই ঘটনার প্রতিক্রিয়ায় আপ নেতা মণীশ সিসোদিয়া বলেন, এটা মিথ্যা ও বিভ্রান্তিকর খবর। যদি এলজি বিনয় সাক্সেনা অনুমতি দিয়ে থাকেন, তাহলে সেই অনুমতির কপি কেন দেখাচ্ছে না ইডি? এতেই প্রমাণ হয় যে, এই খবরটি মিথ্যা ও বিভ্রান্তিকর। বাবাসাহেবকে অপমান করার ইস্যু থেকে দৃষ্টি ঘোরাতে ফাঁকা আওয়াজ দিয়ে কী হবে? ইডিকে অনুমতি দেওয়ার কপি দেখানো হোক, দাবি তোলেন সিসোদিয়া। আপ নেত্রী প্রিয়ঙ্কা কক্করও এক্সবার্তায় লিখেছেন, এলজি সাক্সেনা কোনও অনুমতি ইডিকে দেননি। এটা ভুল খবর। উনি অনুমতি দিয়ে থাকলে তার কপি দেখানো হোক।

কেজরিওয়ালের মামলায় গত ৬ নভেম্বর সুপ্রিম কোর্ট যে নির্দেশ দিয়েছিল, তার ভিত্তিতে আর্থিক তছরুপ প্রতিরোধ আইনে বিচারের অনুমতি চেয়ে দিল্লির এলজি-র কাছে আবেদন জানিয়েছিল ইডি। গত ৫ ডিসেম্বর সেই আবেদনের পর শনিবার অনুমোদন দিলেন সাক্সেনা। সুপ্রিম কোর্ট জানিয়েছিল, কোনও জনপ্রতিনিধির বিরুদ্ধে রাজ্য সরকারের সম্মতি ছাড়া আর্থিক তছরুপ প্রতিরোধ আইনে বিচার প্রক্রিয়া শুরু করা যায় না। এর আগে ইডির কোনও মামলায় জনপ্রতিনিধিদের বিরুদ্ধে চার্জশিট দেওয়ার জন্য রাজ্য সরকারের সম্মতির প্রয়োজন হতো না। সিবিআই বা রাজ্য পুলিশের ক্ষেত্রে সেই সম্মতি দরকার হতো। পরে ইডির ক্ষেত্রেও একই নিয়ম বলবৎ হয়।

আবগারি মামলায় ইডির সপ্তম অতিরিক্ত চার্জশিটের বিরুদ্ধে দিল্লি হাইকোর্টে মামলা করেছিলেন কেজরিওয়াল। ওই সংক্রান্ত নিম্ন আদালতের নির্দেশ খারিজের আবেদন জানিয়েছিলেন তিনি। তাঁর যুক্তি ছিল, জনপ্রতিনিধির বিরুদ্ধে আইনি প্রক্রিয়া শুরু করার জন্য আগে থেকে সরকারের অনুমতি নিতে হয়, যা ইডি নেয়নি। এর জবাব দিতে সময় চেয়েছিল কেন্দ্রীয় সংস্থা।

আবগারি মামলায় গত জুলাই মাসে ২০০ পাতার চার্জশিট আদালতে জমা দিয়েছিল ইডি। তাতে কেজরিওয়াল এবং দিল্লির শাসকদল আপকে অভিযুক্ত করা হয়েছিল। নিম্ন আদালত জানিয়েছিল, কেজরির বিরুদ্ধে পদক্ষেপ করার মতো যথেষ্ট তথ্য ওই চার্জশিটে আছে। কিন্তু তার বিরুদ্ধে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী।

কেজরিকে ইডি গ্রেফতার করেছিল গত ২১ মার্চ। একই মামলায় সিবিআই তাঁকে ২৬ জুন নতুন করে হেফাজতে নেয়। দু'টি ক্ষেত্রেই সুপ্রিম কোর্ট তাঁর অন্তর্বর্তী জামিন মঞ্জুর করেছে। জেল থেকে বেরিয়ে কেজরি দিল্লির মুখ্যমন্ত্রীর পদ থেকে ইস্তফা দেন। ওই পদে শপথ নিয়েছেন আতিশী মারলেনা। আগামী বছরের শুরুতেই দিল্লিতে বিধানসভা নির্বাচন। কেজরী এখন সেই প্রচারে ব্যস্ত। তাঁর দল দিল্লির নির্বাচনে কোনও জোটের শরিক হিসাবে নয়, একা লড়াই করবে, জানিয়েছেন কেজরি।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৪ বর্ষ ৩৪৪ সংখ্যা ২২ ডিসেম্বর, ২০২৪ রবিবার ০৬ পৌষ, ১৪৩১

## সম্পাদকীয়

### দিল্লিতে 'বাংলাদেশি খেদাও' অভিযান! স্কুলে অনুপ্রবেশকারীদের সন্তানদের শনাক্ত করার নির্দেশ প্রশাসনের

এবার কি দিল্লিতে বাংলাদেশি খেদাও অভিযান? রাজধানীর সরকারি স্কুলগুলিতে বাংলাদেশি অনুপ্রবেশকারীদের সন্তানদের শনাক্ত করার নির্দেশ দিল দিল্লি নগর নিগম। এমসিডির সব জোনের সরকারি স্কুলগুলিকে অবিলম্বে বাংলাদেশি অনুপ্রবেশকারীদের শনাক্ত করার নির্দেশ দেওয়া হয়েছে।আসলে শেখ হাসিনা সরকারের পতনের পর থেকেই ওপার বাংলায় সংখ্যালঘুদের উপর নির্যাতনের ঘটনা বাড়ছে। পাল্লা দিয়ে বাড়ছে ভারত বিদ্বেষ। বাংলাদেশের একের পর এক রাজনীতিবিদ ভারত বিরোধী হুঙ্কার দিয়ে চলেছেন। কেউ ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার কথা বলছেন, কেউ আবার ৪ দিনে কলকাতা দখলের হুমকি দিচ্ছেন। এসবের মধ্যে এতদিন কার্যত নিষ্ক্রিয় ছিল ভারত সরকার। বিদেশমন্ত্রকের তরফে বিবৃতি দিয়ে বাংলাদেশে হিংসা এবং ভারত বিদ্বেষের নিন্দা করা হচ্ছিল বটে, কিন্তু এ পর্যন্ত কার্যকরী কোনও পদক্ষেপ করা হয়নি।

তবে এবার সম্ভবত চুপিসারে দেশ থেকে 'বাংলাদেশি খেদাও' অভিযান শুরু করতে চলেছে স্বরাষ্ট্রমন্ত্রক! দিল্লির স্কুলগুলিতে বাংলাদেশি অনুপ্রবেশকারীদের সন্তানদের শনাক্ত করার প্রক্রিয়া সেই বৃহত্তর বাংলাদেশি খেদাও অভিযানের প্রাথমিক পর্ব হতে পারে। যদিও এ নিয়ে সরকারি স্তরে এখনও কোনও ইঙ্গিত মেলেনি। আপাতত দিল্লিতে 'বাংলাদেশি শনাক্তকরণ' অভিযান শুরু হতে চলেছে।এ নিয়ে কী পদক্ষেপ করা হচ্ছে, সাপ্তাহিক রিপোর্টও দিতে হবে স্কুলগুলিকে।

দিল্লি নগর নিগম এই মুহূর্তে আপের দখলে। তবে দিল্লির আইন শৃঙ্খলার দায়িত্ব সরাসরি অমিত শাহর স্বরাষ্ট্রমন্ত্রকের অধীনে। সূত্রের খবর, স্বরাষ্ট্রমন্ত্রকের নির্দেশেই দিল্লি পুরনিগমের তরফে স্কুলগুলিকে জানিয়ে দেওয়া হয়েছে, অবিলম্বে বাংলাদেশি অনুপ্রবেশকারীদের শনাক্ত করতে হবে। দরকারে সব পড়ুয়ার পরিচয়পত্র খতিয়ে দেখা হোক। সন্দেহভাজন পড়ুয়াদের তথ্য সাপ্তাহিক ভিত্তিতে জমা দিতে হবে প্রশাসনকে। তারপর প্রশাসন ওই পড়ুয়ার অভিভাবক-সহ পরিবার সম্পর্কে তথ্যতালাশ করবে।

# যত কাণ্ড রিজিওনাল পাসপোর্ট অফিসেই! প্রতিদিন অন্তত ৭ ভুয়ো নথি ওয়েবসাইটে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সরষের মধ্যেই ভূত! জাল পাসপোর্ট তৈরির আসল রহস্য লুকিয়ে রিজিওনাল অফিসে। শুধু নিচুতলার পুলিশ কর্মীদের একাংশ নয়, সে অফিসের কর্মীদের 'হাতযশে'ই দিনে পাঁচ-সাতটা ভুয়ো নথি আপলোড হয়েছে পোর্টালে। ভেরিফিকেশন পর্বেই আসল কারসাজি হয়েছে বলে দাবি তদন্তকারীদের।তদন্তকারী দল মনে করছে, পোর্টালে নথি আপলোডের ক্ষেত্রেও বড় রকমের কারসাজি হয়েছে। মোটা অঙ্কের টাকার বিনিময়ে তথ্য আপলোডে কারচুপি হয়েছে। অভিযোগ, যাচাই না করেই দিনে পাঁচ-সাতটা করে ভুয়ো নথি পোর্টালে আপলোড হয়েছে। এর সঙ্গে রিজিওনাল পাসপোর্ট অফিসের একাংশের যোগ রয়েছে। সেই কারচুপির শিকড়ে পৌঁছতে রিজিওনাল পাসপোর্ট অফিসের গত কয়েক মাসের তথ্য পরীক্ষা করা হচ্ছে।বাংলাদেশের অশান্ত পরিস্থিতির মধ্যেই জাল পাসপোর্ট ধরতে দেশজুড়ে অভিযান চলছে।সক্রিয় কেন্দ্র-রাজ্যের তদন্তকারী সংস্থারা। রাজ্যের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, নদিয়ায় চলছে লাগাতার অভিযান। প্রকাশ্যে আসছে নিত্যনতুন তথ্য। তদন্ত এগোতেই স্পষ্ট হচ্ছে, জাল পাসপোর্ট তৈরিতে শুধু ডিআইবি অফিসের পুলিশ কর্মীর একাংশ নন, রিজিওনাল পাসপোর্ট অফিসের ফাঁকফোকরও দায়ী। গোয়েন্দাদের নজরে এবার সেই ফাঁকফোকর।

নিয়মে আছে, পাসপোর্ট সেবাকেন্দ্রে নথি আপলোড হওয়ার আগে ভেরিফিকেশন করা হয়। তারপর তা যায় পাসপোর্ট অফিসে, সেখানে দুদফায় ভেরিফিকেশন হয়। এই পরীক্ষার পর নথি আপলোড হয় পোর্টালে। তারপর আরপিও বা রিজিওনাল পাসপোর্ট অফিসেও ভেরিফিকেশন করে পাঠানো হয় পুলিশ ভেরিফিকেশনের জন্য। পুলিশ রিপোর্ট পাঠালে তারপর চূড়ান্তভাবে পোর্টালে তথ্য আপলোড করা হয়।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

৮৭) স্ত্রৈন্যাসৌম্যা, ৮৮) শুভপ্রদা, ৮৯) বিষ্ণুপ্রিয়া, ৯০) বরদা, ৯১) বসুপ্রদা, ৯২) শুভা, ৯৩) চঞ্চলা, ৯৪) সমুদ্রতনয়া, ৯৫) জয়া, ৯৬) মঙ্গলাদেবী, ৯৭) বিষ্ণুবক্ষাস্থলাসিক্তা, ৯৮) বিষ্ণুপত্নী, ৯৯) প্রসন্নাক্ষী, ১০০) নারায়নসমাশ্রিতা, ১০১) দারিদ্রধ্বংসিণী, ১০২) কমলা, ১০৩) সর্বপ্রদায়িনী, ১০৪) পেঁচকবাহিণী, ১০৫) মহালক্ষ্মী, ১০৬) ব্রক্ষাবিষ্ণুশিবাত্মিকা, ১০৭) ত্রিকালজ্ঞানসম্পূর্ণা, ১০৮) ভুবনমোহিনী।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**মৃত্যুঞ্জয় সরদার**
(উনত্রিশতম পর্ব)



পায়ে বিষ্ণুকে, দু-পায়ের মাঝখানে আছে শিব ও ব্রহ্মা" (৪: ৩৬৪)।

সুকুমার পর্ণশবরীকেও এই তারারূপের মধ্যে রাখেন। "পর্ণশবরী ব্রাহ্মণ্য মতের কান্তার-দুর্গার নামান্তর। বৌদ্ধ তন্ত্রে ইনি পীতবর্ণ ত্রিমুখ ত্রিনেত্র ষড়ভুজ গাছের পাতা ও ময়ূরপুচ্ছ পরিহিত নবযৌবনপ্রাপ্ত, পীন খর্ব লম্বোদরী লোলজিহ্বা। দক্ষিণ হাতে বজ্র পরশু ও শর আর বাম হাতে পাশ পর্ণপিচ্ছিকা ও ধনু। ইনিও প্রাচীন, তবে আসলে বনদেবতা এবং উপদেবতা। তারার সঙ্গে একীভূত করে এঁকে 'আর্য' বলা হয়েছে। আর্য-পর্ণশবরীতারার বন্দনা শ্লোক,....'হে খর্বকায়া, হে ভগবতী খর্বকায়া, হে পিশাচী/পাশ-পরশু-ধারিণী পর্ণশবরী, তোমাকে নমস্কার করি" (৪: ৩৬৪-৫)।

এছাড়া কুরুকুল্লাকেও পর্যবেক্ষণ করেন সুকুমারঃ "ওড্ডিয়ান কুরুকুল্লা শবারূঢ়া" (৪: ৩৬৫)। তিনি এও জানাচ্ছেন যে সহজ সাধনায় কুরুকুল্লার মন্ত্র সংস্কৃত নয়, অবহট্ট ভাষায় লেখা হতঃ

অকখর মন্ত বিবজ্জিঅও
নউ সো বিন্দ ণ বিত্ত
এ সো পরম মহাসুহও
ণউ ফেড়িঅ ণউ খিত্ত

অর্থাৎঃ "অক্ষর মন্ত্র বিবর্জিত সে বিন্দুও নয় বিত্তও নয়। এ সে পরম মহাসুখ, নষ্টও নয় ত্যক্তও নয়" (৪: ৩৬৫)।

চামুণ্ডা থেকে কালীর বিবর্তনে এই মহাসুখ বা হ্লাদিনী শক্তির স্বরূপটি গুরুত্বপূর্ণ। ব্রতীন্দ্রনাথ মুখোপাধ্যায় জানান যে সপ্তম শতাব্দীর গ্রন্থ বিষ্ণুধর্মোত্তরপুরাণে ভদ্রকালীর মনোহর রূপের কথা বলা হয়েছে। এই গ্রন্থে চামুণ্ডার বর্ণনা অনুযায়ী তিনি লম্বোদরী। অর্থাৎ এখানে রঙ্কিণী রূপ নয়, ক্ষুৎক্ষামা নন তিনি; কাজেই চামুণ্ডা এখানে কালীস্বরূপা বললে ভুল নয়। এবং এখানে চামুণ্ডা হলেন

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# ভারত মহাসাগারে ভাসছিল ১০২ রোহিঙ্গা, উদ্ধার করল শ্রীলঙ্কার নৌবাহিনী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারত মহাসাগারে ইঞ্জিন বিকল হয়ে ভাসতে থাকা একটি মাছ ধরার ট্রলার থেকে ১০২ জন রোহিঙ্গাকে উদ্ধার করেছে শ্রীলঙ্কার নৌবাহিনী। এই রোহিঙ্গাদের মধ্যে নারী ও পুরুষের পাশাপাশি ২৫ জন শিশুও রয়েছে।

এক বিবৃতিতে শ্রীলঙ্কার নৌবাহিনী নিশ্চিত করেছে এ তথ্য। শ্রীলঙ্কার সংবাদমাধ্যমগুলো তাদের প্রতিবেদনে জানিয়েছে, বৃহস্পতিবার ভোরবেলায় শ্রীলঙ্কার উত্তর উপকূলে একটি ট্রলারকে ভাসমান অবস্থায় দেখতে পেয়ে প্রশাসনকে জানান স্থানীয় মৎসজীবীরা। পরে নৌবাহিনীর সদস্যরা এসে তাদের উদ্ধার করেন।

শ্রীলঙ্কার সঙ্গে মিয়ানমারের সমুদ্র সীমান্তের দৈর্ঘ্য ১ হাজার ৭৫০ কিলোমিটার। তবে সেটি মিয়ানমারের দক্ষিন পশ্চিমে। রাখাইন মিয়ানমারের উত্তরপূর্বাঞ্চলীয় রাজ্য। বৃহস্পতিবার যে রোহিঙ্গাদের উদ্ধার করেছে শ্রীলঙ্কার নৌবাহিনী, তারা কোথা থেকে রওনা হয়েছিল এবং তাদের গন্তব্য কোন জায়গা তা এখনও জানা যায়নি। মূলত ভাষাগত সমস্যার কারণেই তা এখনও জানা সম্ভব হয়নি বলে বিবৃতিতে জানিয়েছে নৌবাহিনী।

"আমরা ধারণা করছি, রাখাইন কিংবা বাংলাদেশের কক্সবাজার থেকে নৌকাটি রওনা হয়েছিল। তারপর ঝড়ো হাওয়ার কারণে দিকভ্রষ্ট হয়ে শ্রীলঙ্কার উপকূলে এসেছে। কারণ স্বাভাবিকভাবে এই যাত্রীবাহী নৌকাটির এ পথে আসার কথা নয়", বিবৃতিতে বলেছে নৌবাহিনী।

উদ্ধার রোহিঙ্গাদের খাবার, পানি ও প্রয়োজনীয় ওষুধ দেওয়া হয়েছে বলে উল্লেখ করা হয়েছে বিবৃতিতে।

# সংসদে সংঘর্ষ, রাহুলের বিরুদ্ধে তদন্তে নামছে দিল্লি পুলিশ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



রাহুল গান্ধী কি সংসদে ধাক্কাধাক্কি করেছিলেন? তার ধাক্কার জেরেই কি বিজেপির দুই এমপি পড়ে গিয়ে মাথায় চোট পেয়েছেন? ভারতের লোকসভার বিরোধী দলনেতার বিরুদ্ধে দায়ের করা বিজেপির এফআইআরের ভিত্তিতে তদন্ত শুরু করেছে দিল্লি পুলিশ। তদন্তভার দেওয়া হয়েছে অপরাধদমন শাখাকে। ভারতীয় ন্যায় সংহিতার একাধিক ধারায় রাহুলের বিরুদ্ধে এফআইআর দায়ের করেছে পুলিশ।

সংসদে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের আম্বেদকর সংক্রান্ত মন্তব্যের প্রতিবাদে গত বৃহস্পতিবার রাহুলের নেতৃত্বে বিক্ষোভ দেখাচ্ছিলেন বিরোধীরা। সংসদের মকর দ্বারের কাছে বিজেপি সাংসদদের সঙ্গে তারা বাগবিতণ্ডায় জড়িয়ে পড়েন, যা ক্রমে হাতাহাতিতে পরিণত হয়। এই সময়ে ধাক্কাধাক্কিতে পড়ে যান বিজেপির এমপি প্রতাপ ষড়ঙ্গী এবং মুকেশ রাজপুত। মাথায় চোট নিয়ে দু'জনেই হাসপাতালে চিকিৎসাধীন। বিজেপির অভিযোগ, রাহুলের ধাক্কাতেই দুই এমপি পড়ে গিয়ে চোট পেয়েছেন। তার বিরুদ্ধে পার্লামেন্ট স্ট্রিট থানায় গিয়ে অভিযোগ দায়ের করে বিজেপি। কংগ্রেসও ওই একই থানায় পাল্টা একটি অভিযোগ দায়ের করেছে বিজেপির বিরুদ্ধে। অভিযোগ, বিজেপির এমপির ধাক্কায় বর্ষীয়ান নেতা তথা কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে পড়ে গিয়েছেন। তিনি হাঁটুতে চোটও পেয়েছেন। ডিসিপি জানিয়েছেন, কংগ্রেসের অভিযোগটিও খতিয়ে দেখবে অপরাধদমন শাখা।

সংসদে সে দিন ঠিক কী কী ঘটেছিল, তা খতিয়ে দেখার জন্য সংসদে গিয়ে তদন্ত প্রয়োজন। দিল্লি পুলিশের তরফে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে সেই অনুমতি চাওয়া হবে। সংসদে গিয়েই ঘটনাস্থল পরিদর্শন করবেন পুলিশ কর্মকর্তারা।

গত মঙ্গলবার ভারতের রাজ্যসভায় সংবিধানের ৭৫ বছর নিয়ে বিতর্কের শেষে জবাবি বক্তৃতায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছিলেন, 'এখন একটা ফ্যাশন হয়েছে, আম্বেদকর, আম্বেদকর, আম্বেদকর, আম্বেদকর...। এত বার ভগবানের নাম নিলে সাত জন্ম পর্যন্ত স্বর্গ লাভ হত।' তাঁর আরও সংযোজন, 'জওহরলাল নেহরুর সঙ্গে আম্বেদকরের অনেক মতপার্থক্য ছিল। সেই কারণেই নেহরুর মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন তিনি।' বুধবার থেকেই অমিত শাহের বিরুদ্ধে আম্বেদকর-অবমাননার অভিযোগ তুলে সরব হয়েছেন কংগ্রেস-সহ বিরোধীরা। বৃহস্পতিবার সেই বিক্ষোভ সংঘর্ষের রূপ নেয়, যা গড়ায় থানা-পুলিশ পর্যন্ত।

# ভারতে 'অবৈধ বাংলাদেশিদের' জন্য 'ডিটেনশন সেন্টার' তৈরির ঘোষণা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

অবৈধ বাংলাদেশি অভিবাসীদের জন্য ভারতের মহারাষ্ট্র রাজ্য সরকার মুম্বাইয়ে ডিটেনশন সেন্টার নির্মাণের ঘোষণা দিয়েছে। এ বিষয়ে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ বলেছেন, অবৈধ বাংলাদেশি অভিবাসীদের যেহেতু সরাসরি কারাগারে রাখা সম্ভব নয়, তাই তাদের রাখার জন্য মুম্বাইয়ে একটি উন্নতমানের ডিটেনশন সেন্টার নির্মাণ করা হবে।

তিনি বলেন, আমরা দেখেছি সাম্প্রতি অবৈধ বাংলাদেশিসহ, মাদক মামলা, অবৈধ প্রবেশের ঘটনায় জড়িত অধিকাংশই বিদেশি নাগরিক; তাদের সরাসরি আমাদের কারাগারে রাখা যায় না। তাদের আলাদা ডিটেনশন সেন্টারে রাখতে হয়, তাই মুম্বাই মিউনিসিপ্যালিটি (বিএমসি) আমাদেরকে ডিটেনশন সেন্টার বা আটক শিবির নির্মাণের জন্য জমি দিয়েছে। কিন্তু সেই জমি ডিটেনশন সেন্টারের মানদণ্ডের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। তাই আমরা বিএমসির কাছে অন্য জমি চেয়েছি। সুতরাং, মুম্বাইয়ে একটি ভালো আটক কেন্দ্র নির্মাণ করা হবে।

এদিকে মুম্বাই পুলিশের মানব পাচার বিরোধী সেল জানিয়েছে অবৈধভাবে বসবাসরত এক বাংলাদেশি দম্পতিকে গ্রেপ্তার করেছেন তারা। ওই দম্পতি মুম্বাইয়ে থানে এলাকার কল্যাণে বসবাস করে আসছিল। থানে পুলিশ জানিয়েছে, এই দম্পতি সবুজ




সানোয়ার শেখ এবং বৃষ্টি সবুজ শেখ, অবৈধভাবে ভারতে প্রবেশ করেছিলেন। তাদের বিরুদ্ধে পাসপোর্ট অ্যান্ড ফরেনার্স অ্যাক্ট অনুযায়ী মামলা দায়ের করা হয়েছে। অবৈধ অভিবাসীদের বাড়ি ভাড়া দেওয়ায় বাড়ির মালিক মুস্তাফা মুনশির বিরুদ্ধেও মামলা করা হয়েছে।

# সিনেমার খবর

cinema TV

# জাকির হোসেনের সঙ্গে পরিকল্পনাটা বাস্তব হলো না: এআর রহমান





স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন

কিংবদন্তি তবলাবাদক ওস্তাদ জাকির হোসেন মারা গেছেন। যুক্তরাষ্ট্রে চিকিৎসাধীন অবস্থায় আজ সোমবার তিনি মারা যান। তার বয়স হয়েছিল ৭৩ বছর। কিংবদন্তী তবলাবাদক জাকির হোসেন মৃত্যুতে শোকবিহ্বল সংগীত শিল্পী এ আর রহমান। অতীতে একসঙ্গে কাজ করলেও কেন ওস্তাদের সঙ্গে আর জুটি বাঁধলেন না, এই একটাই আক্ষেপ রয়েছে এ সংগীত শিল্পীর।

সামাজিক যোগাযোগ মাধ্যমে এ আর রহমান লিখেছেন, 'জাকির ভাই ছিলেন একজন অনুপ্রেরণা। অসামান্য ব্যক্তিত্বের অধিকারী। যিনি তবলাকে বিশ্বব্যাপী জনপ্রিয় করে তুলেছিলেন। ওর চলে যাওয়া আমাদের সকলের জন্য অপূরণীয় ক্ষতি।'

তিনি আরও লিখেছেন, 'তার সঙ্গে কাজ না করতে পারার আক্ষেপটা রয়েই গেল। একসঙ্গে একটা অ্যালবাম করার পরিকল্পনাও করেছিলাম আমরা। যদিও কয়েক দশক আগে আমরা একসঙ্গে কাজ করেছি। তোমাকে সত্যিই মিস করব। জাকির ভাইয়ের পরিবার ও বিশ্বব্যাপী অগণিত ভক্ত-অনুরাগীদের এই কঠিন সময়ে শোক সামলানোর ক্ষমতা দিন, এটাই প্রার্থনা করব।'

কিংবদন্তি তবলাবাদক আল্লারাখার প্রথম সন্তান জাকির হোসেনের জন্ম ১৯৫১ সালে ভারতের মুম্বাই শহরে। ৩ বছর বয়স থেকে বাবার কাছে তবলায় তার হাতেখড়ি। ১২ বছর বয়সে বাবার সঙ্গে প্রথম কনসার্ট। সেই থেকে তার খ্যাতি ছড়িয়ে পড়ে ভারতজুড়ে। তিনি তার বাদ্যশৈলীর মধ্য দিয়ে পূর্ব ও পশ্চিমের সংগীতজগৎকে খুব কাছাকাছি আনতে পেরেছেন।


সেন্ট জেভিয়ার্স কলেজে পড়াশোনা করেন জাকির হোসেন। ১৯৭০ সালে যুক্তরাষ্ট্রে পাড়ি জমান। শুরু হয় তার আন্তর্জাতিক সংগীতাঙ্গনে বিচরণ। ১৯৭৩ সালে জর্জ হ্যারিসনের লিভিং ইন দ্য ম্যাটেরিয়াল ওয়ার্ল্ড অ্যালবামে অংশগ্রহণ তাকে এনে দেয় এক বিরাট স্বীকৃতি। তার পর থেকেই বহু খ্যাতিমান সংগীতশিল্পী যেমন জন ম্যাকলাফলিন, মিকি হার্ট, বিল ল্যাসওয়েল, ভ্যান মরিসন, জো হেন্ডারসনসহ আরও অনেকের সঙ্গে তবলা পরিবেশন করেন তিনি।

তবলায় তিনি সংগত করেছেন পণ্ডিত রবিশঙ্কর, ওস্তাদ আলী আকবর খাঁ, শিব কুমার শর্মা বা কথক নৃত্যশিল্পী বিরজু মহারাজকে। ১৯৯২ সালে জাকির হোসেন প্রতিষ্ঠা করেন 'মোমেন্ট রেকর্ড' এর মাধ্যমে তিনি সংগীতানুরাগীদের উপহার দিয়েছেন ভারতের ধ্রুপদি সংগীতের খ্যাতিমান সেরা সংগীতশিল্পীসহ সমকালীন বিশ্বসংগীত। ২০০৬ সালে 'মোমেন্ট রেকর্ড'-এর মুক্তিপ্রাপ্ত অ্যালবাম 'গোল্ডেন স্ট্রিং অব দ্য সরোদ' গ্র্যামি পুরস্কারের জন্য মনোনীত হয়। পদ্মশ্রী, পদ্মভূষণ, গ্র্যামি ছাড়াও আরও বহু পুরস্কার ও সম্মাননায় ভূষিত হয়েছেন বহুমুখী প্রতিভার অধিকারী জাকির হোসেন।

মহান মুক্তিযুদ্ধের সময় যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত 'কনসার্ট ফর বাংলাদেশ'-এর অন্যতম সদস্য ছিলেন ওস্তাদ জাকির হোসেনের বাবা আল্লারাখা খান।

# বিপদের কবলে সুহানা বাঁচাতে আসলেন জ্যাকি স্রফ





স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন

বলিউড বাদশা শাহরুখ খানের কন্যা সুহানা খান। বলিউডে পা রাখার আগে থেকেই তিনি নেটিজেনদের মাঝে চর্চার কেন্দ্র বিন্দুতে রয়েছেন সোহানা। ক্যারিয়ারে এখনও পর্যন্ত কেবল একটি ছবিতে অভিনয় করেছেন সুহানা।

সম্প্রতি তাকে দেখে ক্যামেরাবন্দী করতে ছুটে আসেন ছবি ফটো সাংবাদিকরা। সেই সময়ে তাকে বাঁচাতে ছুটে আসেন জ্যাকি শ্রফ। সুহানার পরনে ছিল কালো রঙের মিনি ড্রেস। কাঁধে সরু স্ট্র্যাপ, পোশাকের সঙ্গে মানানসই হাই হিল। হাতে ছিল সোনালি ডিজাইনের ব্যাগ। এমন অবস্থায় মুম্বাইয়ের এক তারকা ইভেন্ট থেকে বের হওয়ার সময় সুহানাকে ঘিরে ধরেন ছবি শিকারিরা।

তখন সুহানার চোখে-মুখে ফুটে উঠে অস্বস্তির ছাপ। আর তখনই পিছন থেকে সাহায্যের হাত বাড়িয়ে দেন জ্যাকি শ্রফ। জ্যাকি সেই অনুষ্ঠান থেকে সুহানাকে বের হতে সাহায্য করেন।

এসময় জ্যাকি ফটো সাংবাদিকদের উদ্দেশ্য করে কড়া কণ্ঠে বলেন, 'মুখের উপর বেশি আলো ফেলবেন না।' কোনও মতে সেখান থেকে বেরিয়ে গাড়িতে উঠে যান সুহানা। নির্বাণের জন্মদিনের অনুষ্ঠানে সুহানা ছাড়াও উপস্থিত ছিলেন ইব্রাহিম আলি খান, কার্তিক আরিয়ান, ইব্রাহিম খান, অগস্ত্য নন্দা, ববি দেওল।

সুহানাকে আগামীতে দেখা যাবে সুজয় ঘোষের ছবি 'কিং'-এ। অন্য দিকে জ্যাকি শ্রফ ব্যস্ত তার আসন্ন ছবি 'বেবি জন'-এর প্রচার নিয়ে। এ ছাড়া 'হাউসফুল ৫' ছবিতেও অভিনয় করছেন তিনি।

# রাতে কত ঘণ্টা ঘুমান, সাইফের প্রশ্নে যে জবাব দেন মোদি



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন

রাজ কাপুরের জন্মশতবর্ষ উপলক্ষে বিশেষ আয়োজন করেছে কাপুর পরিবার। সেই অনুষ্ঠানের আমন্ত্রণ জানাতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে দেখা করতে যান কাপুর পরিবারের সদস্যরা। সুযোগ পেয়েছিলেন বলিউড অভিনেতা সাইফ আলি খানও। মোদির সঙ্গে দীর্ঘসময় আলাপও হয় তাদের। এসময় প্রত্যেকের সার্বিক খোঁজ-খবর নেন মোদি।

সেখান থেকে ফিরে সাইফ আলি খান ভারতীয় গণমাধ্যমকে বলেন, 'মোদিজি সংসদের কাজ সেরে আমাদের সঙ্গে দেখা করেন। তাই প্রথমে ভেবেছিলাম তিনি হয়ত খুব ক্লান্ত থাকবেন। কিন্তু মোদিজির মুখের উষ্ণ হাসি ছিল অটুট, আমাদের সবার প্রতি মনোযোগী এবং মনোমুগ্ধকর ছিলেন প্রধানমন্ত্রী।'

সাইফ বলেন, 'উনি (মোদি) আমার মা শর্মিলা ঠাকুর ও বাবা প্রয়াত মনসুর আলি খান সম্পর্কে আলাদা করে জিজ্ঞাসা করেছিলেন। সেই সঙ্গে আমার ছেলেদের কথাও বলেছেন এবং তিনি তাদের জন্য একটি কাগজে অটোগ্রাফ দিয়েছেন।

সাইফ আলি খানের কথায়, 'আমি মোদিজিকে জিজ্ঞাসা করলাম তিনি কতটা বিশ্রাম নেন। জবাবে মোদিজি বলেন রাতে প্রায় তিন ঘণ্টা।'

শেষ সাইফ বলেন, 'দিনটি ছিল আমার জন্য বিশেষ। আমাদের দেখার জন্য এবং পরিবারকে এত সম্মান দেওয়ার জন্য তার মূল্যবান কিছু সময় বের করার জন্য আমরা নরেন্দ্র মোদিজিকে ধন্যবাদ জানাই।'

সাইফ ছাড়াও মঙ্গলবার মোদির সঙ্গে সাক্ষাৎ করেন নীতু কাপুর, কারিনা কাপুর, কারিশমা কাপুর, রণবীর কাপুর, আলিয়া ভাট, ঋদ্ধিমা কাপুর সাহনি, ভারত সাহনি, রিমা জৈন, মনোজ জৈন ও আরমান।



# নায়িকার সাথে সংসার করা খুব কঠিন: ঋতুপর্ণা সেন



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন

কলকাতার নায়িকা ঋতুপর্ণা সেন গুপ্ত তার ২৫ বছরের সংসার জীবন নিয়ে সম্প্রতি সংবাদ মাধ্যমের সাথে কথা বলেছেন। তিনি বলেন, নায়িকা জীবন খুব কঠিন। সেই জীবনের সঙ্গে অন্য পেশার কোনও মানুষের জীবন মেলানো আরও কঠিন। কোনওভাবে দুটো জীবন মিলে গেলে তার চেয়ে ভালো আর কিছুই হতে পারে না। তিনি বলেন, ২৫ বছর ধরে আমার স্বামীর (সঞ্জয় চক্রবর্তী) সঙ্গে এক ছাদের নীচে কাটানোর পর আমাদের দাম্পত্য নিয়ে এটাই আমার উপলব্ধি। সঞ্জয়কে সেই ছোট থেকে চিনি। তখন আমি সপ্তম শ্রেণির। সে ক্লাস টেনে পড়ে। তখন থেকে আমাদের বাড়িতে আসা-যাওয়া। বরাবরের মতোই গুরুগম্ভীর মানুষ। পড়াশোনায় ভালো। পরে বিদেশে পড়তে গেল। আমার বাবার একটাই চাওয়া ছিল, ছেলেকে শিক্ষিত হতে হবে। মায়ের দাবি, সেইসঙ্গে ভালো পরিবারেরও হওয়া চাই। সঞ্জয় যখন বাড়িতে এসে বিয়ের প্রস্তাব দিয়েছিল, মা-বাবা দ্বিতীয়বার ভাবেননি। মজার বিষয় ছিল, যেদিন ও আমাদের বাড়িতে বিয়ের কথা বলতে এসেছিল সেদিন আমি বাড়িতে ছিলাম না। শুটিংয়ে ব্যস্ত ছিলাম। এই জায়গা থেকেই বলব, নায়িকার সঙ্গে সংসার করা খুব সহজ কথা নয়। সঞ্জয়ও একইভাবে প্রচ- ব্যস্ত। তবু সে একহাতে নিজের বাড়ি, আমার বাড়ি সামলে গেছে। তাই বলে কি মনোমালিন্য হয়নি? কথা কাটাকাটি হয়নি? রাগে-অভিমানে আমরা সাময়িক বিপরীত মেরুর বাসিন্দা হইনি? সব হয়েছে। আবার সব মিটেও গেছে। ঋতুপর্ণা বলেন, আমার মায়ের সঙ্গে সঞ্জয়ের কী যে ভালো সম্পর্ক! মাকে মান্য করে। আবার বন্ধুর মতো ভালোবাসে।

# বিশেষ দিনে দর্শনার সরল স্বীকারোক্তি



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন

দেখতে দেখতে কেটে গেল এক বছর। গেল বছরের এই দিনে গাঁটছড়া বেঁধেছিলেন সৌরভ দাস ও দর্শনা বণিক। বিয়ের প্রথম বর্ষপূর্তিতে তাদের উপলব্ধিও অন্য রকম! এক বছরে সৌরভকে নতুন করে আবিষ্কার করেছেন দর্শনা।

অভিনেত্রী বলেন, 'বিয়ের আগে তো আমরা একসঙ্গে থাকিনি কখনও। বিয়ের পরে একসঙ্গে থেকে বুঝলাম সৌরভ খুবই লক্ষ্মী ছেলে। ওর কিছুতেই সমস্যা নেই। ওকে শুধু ভাত ও পেঁয়াজ কেটে দিলেও খেয়ে নেবে, আবার মাংস-ভাত দিলেও খেয়ে নেবে। মাটিতে বসে খেতে হলেও ও খেয়ে নেবে। ও খুবই ঝুট-ঝামেলাহীন একটা মানুষ। ও খুবই বোঝে সুবিধা-অসুবিধা।'

যদিও নিজে নাকি বেশ ঝগড়া করেন অভিনেত্রী। হাসতে হাসতে দর্শনার সরল স্বীকারোক্তি, 'আমি আবার অন্য রকম। ওই হয়তো বলবে, আমি ঝগড়া করি। আমি একটু ঘ্যানঘ্যানও করি। আমিই বেশি কথা বলি। ও সেই তুলনায় শান্ত। আসলে সৌরভ মাত্র ১৮ বছর বয়স থেকে একা থেকেছে। ও দায়িত্ব নিতে জানে। আমি আবার অনেক বড় হয়ে কাজের জন্য একা থেকেছি।'

এদিকে বিবাহবার্ষিকী উপলক্ষে কিছু মুহূর্তের ভিডিও পোস্ট করে দর্শনা লিখেছেন, 'আমাদের প্রত্যেকটা দিন যেন সুখে কাটে। তুমি আমার সঙ্গী, প্রিয় বন্ধু, আমার অপরাধের সঙ্গী, আমার হাসিখুশির মুহূর্তের সঙ্গী, আরও অনেক কিছু। শুভ বিবাহবার্ষিকী।'

সামাজিক যোগাযোগ মাধ্যমে সৌরভ লিখলেন, 'আরও হাজার বছর একসঙ্গে থাকব। শুভ বিবাহবার্ষিকী হে প্রিয়।'

## ম্যানচেস্টার ডার্বি

# এগিয়ে থেকেও হেরেছে ম্যান সিটি



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

টানা পাঁচ জয়ে লিগ টেবিলে শীর্ষে থাকা লিভারপুলের সাথে পয়েন্টের ব্যবধান কমিয়ে এনেছে চেলসি। ইংলিশ প্রিমিয়ার লিগের ১৬ রাউন্ডের খেলা শেষে শিরোপার লড়াইয়ে এখন শীর্ষ দুইয়ে চেলসি-লিভারপুল। যদিও চেলসির চেয়ে এক ম্যাচ কম খেলেছে লিভারপুল। রোববার নিজেদের মাঠ স্ট্যামফোর্ড ব্রিজে ব্রেন্টফোর্ডকে ২-১ গোলে হারিয়েছে চেলসি। খেলার শুরু থেকেই চেলসি দাপট দেখালেও গোল পেতে অপেক্ষা করতে হয়েছে ৪৩ মিনিট পর্যন্ত। ননি মাদুয়েকের চমৎকার ক্রসে মাথা ছুঁইয়ে চেলসিকে উৎসবের উপলক্ষ এনে দেন মার্ক কুকুরেল্লা। ২০২২ সালের মে মাসে গোল করার পর গত দুই বছরের বেশি সময় প্রিমিয়ার লিগে জালের দেখা পাননি তিনি। তার সেই গোল খরা কেটেছে এদিন। দ্বিতীয়ার্ধে গোল বাড়াতে বেশ কটি আক্রমন করেও সফল হচ্ছিলনা এনজো মারেসকার দল। শেষ পর্যন্ত ৮০ মিনিটে ব্রেটফোর্ডের সীমানায় হুট করে বলের দখল পেয়ে যায় চেলসি। সেখান থেকে পাস দিয়েই প্রতিপক্ষের রক্ষণভাগের প্রাচীর ভেঙে দেন এনজো ফার্নান্দেজ। ডানদিক দিয়ে নিকোলাস জ্যাকসনকে পুরোপুরি ফাঁকা করে দেন তিনি। বাকি কাজ জ্যাকসন একাই করেছেন। দৌড়ে ডি বক্সে ঢুকেই শট এবং গোল। এই নিয়ে প্রিমিয়ার লিগে টানা ছয় ম্যাচ স্কোরবোর্ডে নাম উঠেছে তার। যদিও নব্বই মিনিটের মাথায় ব্রেন্টফোর্ডের হয়ে ব্রায়ান এমবুমা এক গোল শোধ দিলেও হার এড়াতে পারেনি। শেষপর্যন্ত জয় নিয়েই মাঠ ছাড়ে অলব্লুজরা। কিন্তু ফলাফল ছাপিয়ে আলোচনায় ম্যাচ শেষে সৃষ্ট ঝামেলা। সময় নষ্ট করাকে ঘিরে কুকুরেল্লার সঙ্গে বাকবিতন্ডায় জড়িয়ে পড়েন কেভিন স্কোয়াড। দু'জনেই হজম করেন একটা করে হলুদ কার্ড। কিন্তু চেলসির স্প্যানিশ লেফটব্যাকের আগের একটা হলুদ কার্ড থাকায় লাল কার্ড দেখেন তিনি। এই জয়ে টেবিল টপার লিভারপুলের সঙ্গে পয়েন্টের ব্যবধান কমে আসলো তাঁদের। এক ম্যাচ বেশি খেলে মাত্র দুই পয়েন্টে পিছিয়ে আছে তারা।

এদিকে, ফুটবল মাঠে সময়টা ভালো কাটছেনা না দুই ম্যানচেস্টারের। নিজেদেরকে ফিরে পাওয়ার লড়াইয়ে ইত্তিহাদ স্টেডিয়ামে মুখোমুখি হয়েছিল সিটি ও ইউনাইটেড। টানা তৃতীয় লিগ ম্যাচ হারের শঙ্কায় পড়েছিল ইউনাইটেড। শেষ দুই মিনিটে গোল করে তারা সিটির কাছ থেকে জয় ছিনিয়ে নেয়। রোববার ইংলিশ প্রিমিয়ার লিগে ম্যানচেস্টার ডার্বিতে ২-১ গোলে জিতে পেপ গার্দিওয়ালার দলের বাজে অবস্থাকে আরও তীব্র করে তুললো রুবেন আমোরিমের শিষ্যরা। জোসকো জিভারদিওলের গোলে এগিয়ে গিয়েছিল ম্যানসিটি। ৩৬ মিনিটে তার হেডে পাওয়া লিড স্বাগতিকরা ধরে রেখেছিল শেষ পর্যন্ত। শেষ দিকে গিয়ে ভুল করে বসে ম্যানসিটি। ম্যাথুস নুনেসের ভুলে পেনাল্টি পায় ম্যানইউ। ৮৮ মিনিটে ব্রুনো ফার্নান্দেস সমতা ফেরান। দুই মিনিট পর স্বাগতিকরা আরেকটি গোল হজম করে। ৯০ মিনিটে আমাদ দিয়ালো আড়াআড়ি অবস্থান থেকে জাল কাঁপান। সব প্রতিযোগিতায় ১১ ম্যাচে কেবল একটি জয়ের দেখা পেয়েছে ম্যানসিটি। দুই ম্যাচ আগে নটিংহ্যাম ফরেস্টের বিপক্ষে জয় পেয়েছিলো তারা। ১৬ ম্যাচে ২৭ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের পাঁচে নেমে গেলো তারা। আর ম্যানইউ ২২ পয়েন্ট নিয়ে উঠে গেলো ১২ নম্বরে। সমান সম্যাচে ৩৪ পয়েন্ট নিয়ে দুইয়ে চেলসি। এক ম্যাচ কম খেলে ৩৬ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে লিভারপুল। আরেক ম্যাচে সাউদাম্পটনকে ৫-০ গোলে উড়িয়ে দিয়ে লিগ টেবিলে নিজেদের অবস্থান আরো সুসংহত করেছে টটেনহ্যাম।

ঘরের মাঠে টানা দ্বিতীয় হারের স্বাদ পেলো বার্সেলোনা। রোববার বার্সেলোনার অলিম্পিক স্টেডিয়ামে লা লিগায় টেবিলের নিচের দিকে থাকা লেগানেসের কাছে ১-০ গোলে হেরেছে কাতালানরা। নিজেদের ঘরের মাঠে এটি বার্সার টানা দ্বিতীয় হার। অথচ ঘরের মাঠ অলিম্পিক স্টেডিয়ামে অনেক সুযোগ পেয়েও তা কাজে লাগাতে পারেনি বার্সা। মাস খানেকের বেশি সময় ধরেই লিগে ধুঁকছে তারা। যাদের সর্বশেষ ৬ ম্যাচে জয় মাত্র একটি। একমাত্র গোলটি হয়েছে ম্যাচের চতুর্থ মিনিটে। কর্নার থেকে আনমার্কড সফরকারী অধিনায়ক গঞ্জালেস হেড করে জাল কাঁপিয়েছেন। তার পর থেকে আক্রমণ শাণিয়ে গেছে স্বাগতিকরা। অথচ বল দখলে ৮০ শতাংশ এগিয়ে থাকার পরও বার্সা সমতাসূচক গোল পায়নি। লেগানেসের গোছানো রক্ষণের সামনে বার বার খেই হারিয়েছে তারা। ২০টি শট নিলেও লক্ষ্যে রাখতে ব্যর্থ হয়েছে ১৬ বার। আর যখন লক্ষ্যে পাঠিয়েছে তখন সেটা রুখে দিয়েছেন লেগানেস গোলরক্ষক মার্কো দিমিত্রভ। প্রথমার্ধেই দর্শনীয় তিনটি সেভ করেছেন তিনি। বিরতির পর তো দারুণ সব সুযোগ হাতছাড়া করেছেন দানি ওলমো, লামিনে ইয়ামাল ও রাফিনহারা। লেভানডস্কি আর জুলস কুন্দেরা তো সহজ সুযোগই হাতছাড়া করেছেন। হারলেও ১৮ ম্যাচে ৩৮ পয়েন্ট নিয়ে বার্সা শীর্ষেই। তাদের সমান ৩৮ পয়েন্ট নিয়ে দুইয়ে আছে অ্যাটলেটিকো মাদ্রিদ। তবে তারা একটি ম্যাচ কম খেলেছে। রিয়াল মাদ্রিদও এক ম্যাচ কম খেলে ৩৭ পয়েন্ট নিয়ে তিনে রয়েছে। অপর দিকে বার্সেলোনায় প্রথমবারের মতো জয় পাওয়া লেগানেস অবনমন অঞ্চল থেকে ১৫ নাম্বারে জায়গা করে নিয়েছে। তাদের সংগ্রহ ১৮ পয়েন্ট।

# এবার টেস্টেও ওয়েস্ট ইন্ডিজের প্রধান কোচ হচ্ছেন স্যামি

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন



ওয়েস্ট ইন্ডিজ টেস্ট দলেরও কোচের দায়িত্ব দেওয়া হয়েছে দেশটির সাবেক অধিনায়ক ড্যারেন স্যামিকে। গতকাল সেন্ট ভিনসেন্টে বাংলাদেশের কাছে প্রথম টি-টোয়েন্টিতে হারের পর পরই এ সুখবর পেয়েছেন তিনি। ওয়ানডে ও টি-টোয়েন্টি দলের দায়িত্বে আগে থেকে ছিলেন তিনি। এবার টেস্টেও দায়িত্ব পেলেন। ২০২৫ সালের পহেলা এপ্রিল টেস্ট কোচ হিসেবে তার যাত্রা শুরু হবে।

সোমবার ক্রিকেট ওয়েস্ট ইন্ডিজ এক সংবাদ সম্মেলনে স্যামিকে তিন ফরম্যাটের কোচ হিসেবে নিয়োগ দেওয়ার খবর দেয়। সেন্ট ভিনসেন্টে অনুষ্ঠিত ত্রৈমাসিক সংবাদ সম্মেলনে ডিরেক্টর অফ ক্রিকেট মাইলস বাসকম্বে এ ঘোষণাটি দেন।

৪০ বছর বয়সী স্যামি ২০২৩ সালের মে মাসে ওয়েস্ট ইন্ডিজের সীমিত পরিসরের দলের দায়িত্ব নেন। একই সময়ে আন্দ্রে কোলি টেস্ট দলের দায়িত্বভার গ্রহণ করেছিলেন। এর আগে তিনি অন্তর্বর্তীকালীন লাল-বলের প্রধান কোচ ছিলেন। জুনে সংযুক্ত আরব আমিরাতের বিপক্ষে ওয়ানডে সিরিজ দিয়ে স্যামির সাদা বলের খেলা শুরু হয়েছিল। সাবেক উইকেটরক্ষক-ব্যাটসম্যান কোলি গত বছরের জুলাইয়ে ভারতের বিপক্ষে হোম সিরিজ দিয়ে শুরু করেছিলেন।

স্যামির অধীনে ওয়েস্ট ইন্ডিজ সংযুক্ত আরব আমিরাত, বাংলাদেশ এবং ইংল্যান্ডের বিপক্ষে দুইবার ওয়ানডে সিরিজ জিতেছে। কিন্তু তারা বিশ্বকাপ বাছাইপর্বের ফাইনালে উঠতে ব্যর্থ হয়। এজন্য ২০২৩ বিশ্বকাপে খেলতে পারেননি। টি-টোয়েন্টি ভারত, ইংল্যান্ড এবং দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে (দুইবার) সিরিজ জিতেছে এবং মার্কিন যুক্তরাষ্ট্র এবং ওয়েস্ট ইন্ডিজে যৌথভাবে আয়োজিত টি-টোয়েন্টি বিশ্বকাপের সুপার এইটে জায়গা করে নেয়।

# আতলেতিকোর বিপক্ষে ইয়ামালকে পাচ্ছে না বার্সা




স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

গোড়ালির ইনজুরির কারণে এবার তিন থেকে চার সপ্তাহের জন্য ছিটকে গেলেন লামিনে ইয়ামাল। ইনজুরিতে থাকায় তাই বার্সার হয়ে আতলেতিকো মাদ্রিদের বিপক্ষে বছরের শেষ ম্যাচটি খেলতে পারছেন না এই ফরোয়ার্ড।

এক বিবৃতিতে তা নিশ্চিত করেছে বার্সা। কাতালান ক্লাবটি জানায়, 'ইয়ামাল গোড়ালির সামনের লিগামেন্টে হালকা চোট (গ্রেড-১) পেয়েছেন। যার ফলে তাকে ৩-৪ সপ্তাহ মাঠের বাইরে থাকতে হবে।'

এমনিতে লা লিগায় সময়টা ভালো যাচ্ছে না বার্সা। লেগানেসের কাছে ঘরের মাঠে ১-০ গোলে হেরেছে তারা। ম্যাচের ১৬ মিনিটে গোড়ালিতে চোট অনুভব করেন ইয়ামাল। কিন্তু তারপরও ৭৫ মিনিট পর্যন্ত খেলা চালিয়ে যান তিনি। পরে তার বদলি হিসেবে নামেন গাভি।

চলতি মৌসুমে এখন পর্যন্ত ৬ গোল ও ১১ অ্যাসিস্ট করেছেন ইয়ামাল। ইউরোপের শীর্ষ পাঁচ লিগ মিলিয়ে তার চেয়ে বেশি অ্যাসিস্ট আছে কেবল দু'জনের।

এদিকে, আগামী শনিবার লা লিগায় আতলেতিকো মাদ্রিদের মুখোমুখি হবে বার্সা। ১৮ ম্যাচ শেষে ৩৮ পয়েন্ট নিয়ে টেবিলের শীর্ষে আছে তারা। সমান পয়েন্ট থাকলেও এক ম্যাচ কম খেলে দুইয়ে আতলেতিকো।

# ৪ বছর পর টেস্টে ফিরছেন রশিদ খান

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

নিয়মিত ওয়ানডে ও টি-২০ খেললেও প্রায় চার বছর ধরে টেস্ট থেকে দূরে ছিলেন আফগান ক্রিকেটের সবচেয়ে বড় তারকা রশিদ খান। তাকে সাদা পোশাকে দেখতে সমর্থকদের দীর্ঘ অপেক্ষার অবসান হতে যাচ্ছে। জিম্বাবুয়ের বিপক্ষে দুই টেস্টের সিরিজ দিয়ে ক্রিকেটের অভিজাত সংস্করণে ফিরছেন ২৬ বছর বয়সী এই স্পিন জাদুকর। গ্রোয়েন ইনজুরির কারণে লম্বা সময় ধরে তাকে টেস্ট খেলা থেকে বিরত থাকতে পরামর্শ দেওয়া হয়েছিল। ২০২১ সালে জিম্বাবুয়ের বিপক্ষে আবু ধাবিতেই নিজের শেষ টেস্ট খেলেছেন রশিদ খান।

জিম্বাবুয়ের বিপক্ষে ১৮ সদস্যের দল ঘোষণা করে আফগানিস্তান। তরুণদের নিয়ে স্কোয়াডটি সাজানো হয়েছে। স্কোয়াডে সাত জনেরই এখনো টেস্ট অভিষেক হয়নি। দলের নেতৃত্বে থাকবেন হাশমতউল্লাহ শহীদী। দলে আছেন-অলরাউন্ডার ইসমত আলম, বাঁহাতি স্পিনার জহির শেহজাদ, বাঁহাতি পেসার বসির আহমেদ আফগান। ত্রয়ী ঘরোয়া ক্রিকেটে দারুণ পাররম্যান্সের পুরস্কার পেয়েছেন। অভিষেকের অপেক্ষায় আছেন আজমত উল্লাহ উমারজাই, ফারিদ আহমেদ, রিয়াদ হাসান ও সাদিকুল্লাহ অতল।



রশিদ খানকে নিয়ে আফগানিস্তানের অন্তর্বর্তীকালীন প্রধান নির্বাচক আহমাদ শাহ সুলিমানখিল বলেছেন, 'রশিদ খান টেস্ট দলে ফিরেছেন, যা আমাদের লাল বলের ক্রিকেটকে এগিয়ে যাওয়ার বার্তা দেয়। দলের বাকিরা সম্প্রতি নানগারহার প্রদেশে ভাল প্রস্তুতি নিয়েছিল, যেখানে অনূর্ধ্ব-১৯ দলের খেলোয়াড় ছিল। আফগানিস্তানের প্রধান কোচ জনাথন ট্রট ওয়ানডে সিরিজে দায়িত্ব পালন শেষে চলে যাবেন। ব্যক্তিগত কাজের জন্য টেস্ট সিরিজে তিনি থাকবেন না। তার জায়গায় হামিদ হাসান প্রধান কোচের দায়িত্ব পালন করবেন। সহকারী হিসেবে থাকবেন নওরোজ মঙ্গল। দলকে নেতৃত্ব দেবেন হাশমতউল্লাহ শাহীদি। সহকারী থাকবেন রহমত শাহ বুলাওয়েতে আগামী ২৬ ডিসেম্বর প্রথম টেস্ট শুরু হবে। দ্বিতীয় টেস্ট হবে ৬ জানুয়ারি।

আফগানিস্তান স্কোয়াড: হাশমতউল্লাহ শহীদী (অধিনায়ক), রহমত শাহ, ইকরাম আলিখিল, অফসার জাজাই, রিয়াজ হাসান, সেদিকুল্লাহ অটল, আব্দুল মালিক, বাহির শাহ মাহবুব, ইসমত আলম, আজমতউল্লাহ ওমরজাই, জহির খান, জিয়াউর রহান আকবর, জহির শেহজাদ, রশিদ খান, ইয়ামিন আহমদজাই, বশির আহমেদ আফগান, নাভিদ জাদরান, ফরি আহমেদ মালিক।

# সেভিয়ার বিপক্ষে ভিনিসিউসকে পাবে না রিয়াল

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন




চলতি বছরে নিজেদের শেষ ম্যাচে ভিনিসিউস জুনিয়রকে ছাড়াই খেলতে হবে রিয়াল মাদ্রিদকে। কার্ডের খাঁড়ায় লা লিগায় এক ম্যাচের নিষেধাজ্ঞায় পড়েছেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড।

লিগে শনিবার রায়ো ভাইয়েকানোর বিপক্ষে ৩-৩ ড্র ম্যাচে দ্বিতীয়ার্ধে ভিনিসিউসকে বদলি নামান রিয়াল কোচ কার্লো আনচেলত্তি। ৭৪তম মিনিটে প্রতিপক্ষের বক্সের দাগের কাছে এই তারকা ফাউলের শিকার হলে পেনাল্টির আবেদন করে রেয়ালের খেলোয়াড়রা। পেনাল্টি না দিয়ে শুধু ফ্রি-কিক দেওয়ায় রেফারির সামনে ছুটে গিয়ে ক্ষিপ্ত হয়ে হাত উঁচিয়ে প্রতিবাদ জানান ভিনিসিউস। তাকে হলুদ কার্ড দেখান রেফারি।

এবারের আসরে ভিনিসিউসের পঞ্চম হলুদ কার্ড এটি। নিয়ম অনুযায়ী তাই পরের লিগ ম্যাচে নিষিদ্ধ থাকবেন তিনি। আগামী রবিবার ঘরের মাঠে সেভিয়ার বিপক্ষে তাকে পাবে না রিয়াল মাদ্রিদ। ফিফা ইন্টারকন্টিনেন্টাল কাপের ফাইনালে বুধবার কাতারের দোহায় মেক্সিকোর ক্লাব পাচুকার বিপক্ষে ভিনিসিউসের খেলতে কোনও বাধা নেই।

# অস্ট্রেলিয়ার স্মিথ যেখানে প্রথম

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

লর্ডস টেস্টে ২০২৩ সালের জুনে ইংল্যান্ডের বিপক্ষে ১১০ রানের ইনিংস খেলেছিলেন স্টিভেন স্মিথ। এরপর থেকে আর তিন অঙ্কের দেখা পাচ্ছিলেন না তিনি। অবশেষে ব্রিজবেন টেস্টে ভারতের বিপক্ষে সেঞ্চুরি করে দীর্ঘ খরা কাটালেন অস্ট্রেলিয়ান ব্যাটসম্যান। এই শতকে একটি 'প্রথম'- এর জন্মও দিলেন তিনি।



ভারতের বিপক্ষে স্মিথের টেস্ট সেঞ্চুরি হলো ১০টি। তার ১২টি সেঞ্চুরি আছে ইংল্যান্ডের বিপক্ষে। টেস্ট ক্রিকেটের সুদীর্ঘ ইতিহাসে ভিন্ন দুই দলের বিপক্ষে ১০ বা এর বেশি সেঞ্চুরি করা প্রথম ব্যাটসম্যান তিনিই। ভারতের বিপক্ষে স্মিথের চেয়ে বেশি সেঞ্চুরি নেই আর কারও। তার সমান ১০টি সেঞ্চুরি আছে ইংল্যান্ডের জো রুটের।

নির্দিষ্ট একটি দলের বিপক্ষে ১০ বা এর বেশি সেঞ্চুরি আছে আরও সাত জনের- স্যার ডন ব্যাডম্যান (ইংল্যান্ডের বিপক্ষে ১৯টি), সুনিল গাভাস্কার (ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ১৩টি), জ্যাক হবস (অস্ট্রেলিয়ার বিপক্ষে ১২টি), সাচিন টেন্ডুলকার (অস্ট্রেলিয়ার বিপক্ষে ১১টি), কুমার সাঙ্গাকারা (পাকিস্তানের বিপক্ষে ১০টি), গ্যারি সোবার্স (ইংল্যান্ডের বিপক্ষে ১০টি), স্টিভ ওয়াহ (ইংল্যান্ডের বিপক্ষে ১০টি)।

স্মিথের টেস্ট সেঞ্চুরি হলো ৩৩টি। তিনি ছাড়িয়ে গেলেন স্টিভ ওয়াহকে, ৩২টি। অস্ট্রেলিয়ার হয়ে স্মিথের চেয়ে বেশি সেঞ্চুরি আছে কেবল রিকি পন্টিংয়ের, ৪১টি। এদিকে, ২৫ ইনিংসের মধ্যে প্রথম সেঞ্চুরির স্বাদ পেলেন স্মিথ। তার টেস্ট ক্যারিয়ারে সবচেয়ে দীর্ঘ সেঞ্চুরি-খরা এটিই। ২০১০ সালে অভিষেক থেকে ২০১৩ সালে প্রথম সেঞ্চুরি পাওয়ার মাঝে ২২ ইনিংস ছিল আগের সর্বোচ্চ।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata- 700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR